



যাত্রী সুবিধার্থে বড় ঘোষণা করল পূর্ব রেল।
শিয়ালদহের সব শাখাতেই ১২ কামরার ট্রেন
চালু হয়ে যাচ্ছে আর কয়েক মাসের মধ্যেই।
...বিস্তারিত পাতা ৩



মঙ্গলবার দুপুরে সাংবাদিক বৈঠক করে
মালদা জেলার দুটি আসনের প্রার্থী ঘোষণা
করেন এসইউসিআই-এর জেলা সম্পাদক
গৌতম সরকার। ...বিস্তারিত পাতা ৫



কেন্দ্রীয় বিদ্যালয়, উন্নত চিকিৎসা পরিষেবা
ও শহরে উন্নয়নের আশ্বাস দিয়ে ভোট প্রচার
করছেন ঝাড়গ্রাম লোকসভা কেন্দ্রের
বিজেপির প্রার্থী প্রণব টুডু। ...বিস্তারিত পাতা ৭



সিএবি আবারও চাইছে বাইরে থেকে প্রাক্তন
তারকাদের নিয়ে এসে পরামর্শ হিসেবে
নিয়োগ করা। সেই তালিকায় পেশার হিসেবে
রয়েছেন চামিণ্ডা ভাসা। ...বিস্তারিত পাতা ৮

কমিশনের নিরপেক্ষতার দাবিতে দিল্লিতে তৃণমূল, ২৪ ঘণ্টা পর উঠল ধনী অবস্থান

নয়াদিল্লি, ৯ এপ্রিলঃ অবশেষে পূর্ব ঘোষণা অনুযায়ী ২৪ ঘণ্টা পর দিল্লির মন্দির মার্গ থানা থেকে ধনী অবস্থান তুলে নিল তৃণমূল। একই সঙ্গে তৃণমূলের প্রতিনিধি দলের তরফে কমিশন হল, কমিশনের নিরপেক্ষতা এবং চার কেন্দ্রীয় সংস্থা ইডি, সিবিআই, এনআইএ এবং আয়কর দফতরের প্রধানদের সরিয়ে দেওয়ার দাবিতে দেশজুড়ে তাঁদের আন্দোলন চলবে। সোমবার বিকেল সাড়ে চারটে থেকে থানার সামনে অবস্থানে বসেছিলেন তৃণমূলের প্রতিনিধি দলের সদস্যরা। কেন্দ্রীয় এজেন্সির অপব্যবহারের অভিযোগ তুলে সোমবার দিল্লিতে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে দেখা করতে গেছিল তৃণমূলের প্রতিনিধি দল। ১০ জনের মধ্যে ছিলেন ডেরেক ও ব্রায়ান, দোলা সেন, শান্তনু সেন, সাব্বিত গোখলে, সাগরিকা ঘোষা। কমিশনের কাছে নিজেদের অভিযোগ দলবদ্ধভাবে পর তবী নির্বাচন কমিশন দফতরের বাইরেই ধনীয় বসেন। ২৪ ঘণ্টা ধনীয় বসার ঘোষণা করেছিলেন তৃণমূল সাংসদরা। ধনী শুরু হওয়ার কিছুক্ষণ পরই দিল্লি পুলিশ সেখানে এসে তাঁদের ধনী প্রতাহার করে তুলে। সাংসদ জানানো হয়, ওই জায়গায় কোনও অবস্থান-বিস্ফোত করা যাবে না। এরপরই তৃণমূল



সাংসদদের সঙ্গে বচসা শুরু হয় তাঁদের। তারপর একে একে ১০ জনকে পুলিশের ভাণ্ডে তোলা হয়। তাঁদের আটক করে দিল্লি পুলিশ। সোমবার কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে সাক্ষাৎ করে তৃণমূল প্রতিনিধি দল বিজেপির বিরুদ্ধে নানা অভিযোগ করেছিল। এছাড়া তারা চার কেন্দ্রীয় সংস্থা ইডি, সিবিআই, এনআইএ এবং আয়কর দফতরের প্রধানদের সরিয়ে দেওয়ারও দাবি জানায়। প্রতিনিধি দলের অভিযোগ, বিজেপি ক্রমাগত এই কেন্দ্রীয় এজেন্সিগুলিকে নিজেদের স্বার্থে ব্যবহার করে যাচ্ছে। সোমবারই বকুড়ার সজা থেকে মোদি সরকারের বিরুদ্ধে ভয় দেখানোর অভিযোগ তুলেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তব্য ছিল, “৪ জুনের পর বলছে সবাইকে ফ্রেফতার করবে, জেলে ভরবে। এখনই তো গোটা দেশ জেল হয়ে গেছে। গণবন্ধকে জেল বানিয়ে দেওয়া হয়েছে।” এরপরই কেন্দ্রীয় এজেন্সির নাম নিয়ে মোদিকে আক্রমণ করেন তিনি। মমতার দাবি, প্রধানমন্ত্রীর এক পকেটে এনআই, অন্য পকেটে সিবিআই। আর এক পকেটে ইডি, আবার অন্য পকেটে ইনকাচা। এনআইএ-সিবিআই ভাই-ভাই আর বাকি এজেন্সি দিয়ে যাক কালেকশন চলছে। এদিন পুলিশের তরফে বারবার আবেদন করা হয়, থানা চত্বর ফাঁকা করার জন্য। যদিও এর তীব্র প্রতিবাদ জানান দোলা সেন। বলেন, “পুলিশ মিথ্যা কথা বলছে।” এদিকে মঙ্গলবার সকালে আপ নেতা সৌরভ ভরদ্বাজ যান মন্দিরমার্গ থানায়। তৃণমূলের পাশে থাকার বার্তা দেন তিনি। থানার ভিতরে উঠানো সে সময় চেয়ারে বসে ডেরেক, দোলা, শান্তনু। সৌরভ ভরদ্বাজ বলেন, “পুরনো পুরনো সব মামলা বাংলা সিবিআই নতুন করে খুলছে। এটা স্পষ্ট যে কেন্দ্র সরকার চায় বিরোধীদের নেন এই ভোটের পুরোপুরি নিরব করে দেওয়া যায়। ধরে নিয়ে রাখা যায়। আর যে বেরোবে তাকেই এভাবে খানায় আটকে রাখা যায়। নির্বাচন কমিশনকে বলব এটা একেবারে জুলুমবাজি।” এদিকে দোলা সেন বলেন, “সম্মা ৫টা বাজে। আমায়, অর্পিতা ঘোষ আর সাগরিকা ঘোষকে ডিটেন করছে। এখন মিডিয়ায় সামনে মিথ্যা কথা বলছে।”

‘বেশি রকম স্বচ্ছ তদন্ত মনে হচ্ছে’ ভূপতিনগর ওসি আপাতত তদন্ত করতে পারবেন না

হাইকোর্ট



দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ ভূপতিনগর থানার ওসি আপাতত কোনও মামলার তদন্ত করতে পারবেন না। বিজেপি নেতা তপন মিত্তার মামলার প্রেক্ষিতে নির্দেশ দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। বিচারপতি স্পষ্ট করে দিয়েছেন, ভূপতিনগর থানার ওসি মামলা প্রস্তুত করতেও পারবে না। অন্য কোনও অফিসার তদন্ত করলেও আদালতের অনুমতি ছাড়া কোনও চার্জশিট জমা দিতে পারবে না। ১৫ এপ্রিল পর্যন্ত কোনও অভিযুক্তকে গ্রেফতার করতে পারবেন ওসি। পুলিশের কাছে একটি রিপোর্টও তলব করছেন বিচারপতি। কোন কোন মামলায় বিস্ফোরণের অভিযোগ রয়েছে, আর সে সব ক্ষেত্রে এনআইএ-কে কেন জানানো হয়নি? আগামী সোমবার রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তবে এদিন রক্তাক্তির সময়ে আদালত অবমাননাকর মন্তব্য করার জন্য ক্ষমা চান ওসি গোপাল পাঠক। তপন মিত্তা নামে ভূপতিনগরের স্থানীয় এক বিজেপি নেতার বিরুদ্ধে গত তিন বছরে ২৬টি কৌজদারি মামলা রুজু করেছে পুলিশ। ১৫টি চার্জশিটও জমা করেছে পুলিশ। কিন্তু মামলাকারীর অভিযোগ, তার বিরুদ্ধে কোনও এক্সাইজার-ই নেই। একটি মামলায় তাঁকে গ্রেফতার করা হয়। তারপর একের পর এক মামলায় তাঁকে ‘সোন অ্যারেস্ট’ দেখানো হয়। তিনি হাইকোর্টের দ্বারস্থ হন। মামলার প্রেক্ষিতে পুলিশের তরফ থেকে একটি রিপোর্ট পেশ জমা করা হয়। তাতে পুলিশের বক্তব্য, আদালতের রক্ষাকবচের ফলে নির্বাচন বাতিলের চেষ্টা করতে পারে অভিযুক্তরা। পুলিশের বক্তব্যে অসন্তুষ্ট হন বিচারপতি। রাজ্যের আইনজীবীকে বিচারপতি বলেন, “তিনি পুলিশ অফিসার বলে তিনি যা খুশি তাই বলতে পারেন। রাজ্যের তরফে বলা হয়, আমি ক্ষমা প্রার্থী। যা খুশি হয়েছে, অন্যায়।” মামলাকারী তপন মিত্তার আইনজীবী রাধীপ মজুমদার বলেন, “রাতে ওসি নিজে বিজেপি পাটি অফিসে গিয়ে বিধায়কের সামনে ছমকি মেটে আসেন এক মামলাকারীকে।” বিজেপি নেতারা ২১ জুনের বিরুদ্ধে মোট ৪০টা এক্সাইজার ছিল। মামলাকারীর আইনজীবী আদালতে জানান, মোট ৪০টি মামলা রয়েছে বলে রাজ্য রিপোর্ট দেয় মঙ্গলবার। সোমবারের রিপোর্টে ২৬টি বলা হয়েছিল। অভিযোগ, এনন তদন্ত করছেন যেখানে ৩০৭ ধারায় মামলা শুরু করে চার্জশিট দেওয়ার সময় সেই ধারা বাদ দিয়েছে পুলিশ। মামে মারধোর কোনও রক্তপাত হয়নি। অথচ তার আগে প্রেফতার হয়ে গিয়েছে। মামলাকারীর আইনজীবী বলেন, “বিরোধীদের হেনস্থা করার এটা একটা প্রক্রিয়া। এটা স্বচ্ছ তদন্ত নাকি?” মামলাকারীর তরফে বলা হয়, অন্তত ৩টি মামলায় বিস্ফোরণের অভিযোগ আছে। কিন্তু সেখানেও আইন অনুযায়ী এনআইএ-কে জানানো হয়নি। বিচারপতি বলেন, “বেশি রকম স্বচ্ছ তদন্ত মনে হচ্ছে।”

‘হেল্পলেস সরকারি অফিসার চাই না’ মুখ্যসচিবের ‘দায়িত্ব পালন’ দেখে আশ্চর্য হাইকোর্ট




দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ নিয়োগ দুর্নীতি মামলায় বারবার মুখ্যসচিবের কাছে রিপোর্ট চাওয়া হচ্ছে, আর বারবার সেই রিপোর্ট দেখে অসন্তোষ প্রকাশ করছে কলকাতা হাইকোর্ট। মঙ্গলবারও সেই একই ঘটনা। আবারও আদালতের ভর্তসনা রাজ্যের উচ্চপদস্থ অমলাকে। এবার মুখ্যসচিবকে সময় বেঁচে দিল বিচারপতি জয়লাল বাগচীর ডিভিনন বেঞ্চ। আগামী ২৬ এপ্রিল পর্যন্ত সময় দেওয়া হয়েছে, তার মধ্যে জানতে হবে, অভিযুক্ত সরকারি অফিসারদের বিরুদ্ধে রাজ্য সরকার সিবিআই তদন্ত অনুমতি দেবে কি না। শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় যে অধিকারিকদের নাম জড়িয়েছে, তাঁদের বিরুদ্ধে তদন্ত করতে গেলে রাজ্যের অনুমতি নিতে হবে। সেই অনুমতি না পাওয়ায় বিপাকে পড়েছে সিবিআই। আদালতের দ্বারস্থ হয়েছে তারা। এর আগেও এই মামলায় মুখ্যসচিবকে কড়া বার্তা দিয়েছিল হাইকোর্ট। সাতদিন সময় দেওয়া হয়েছিল। আজ, মঙ্গলবার ফের রিপোর্ট দেন রাজ্যের মুখ্যসচিব। সেই রিপোর্টে লেখা হয়েছে, “ল ডিপার্টমেন্টকে পাঠানো হয়েছে। আদালতের নির্দেশ। সাধারণ নির্বাচনের পর সিদ্ধান্ত নেওয়া হবে যে এ ক্ষেত্রে তদন্তের অনুমোদন দেওয়া হবে কি না। এই রিপোর্ট দেখেই ক্ষুব্ধ হন বিচারপতি। বিচারপতি বাগচী বলেন, “আদালত মনে করছে, মুখ্যসচিব যে রিপোর্ট জমা দিয়েছেন সেখানে কোনও বুদ্ধি প্রয়োগ করা হয়নি। তিনি তাঁর দায়িত্ব উপলব্ধি করতে পারেননি। আদালত আশ্চর্য হয়েছে যে রাজ্যে সবচেয়ে উচ্চপদে থাকা অধিকারিক কোনও অজ্ঞাত কারণে নিজের দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছেন। আমরা আশা করব প্রভাবশালী অভিযুক্তদের পদ মুখ্যসচিবকে প্রভাবিত করবে না। একজন মুখ্যসচিব স্বাধীনভাবে সিদ্ধান্ত নেননি।” হেল্পলেস সরকারি অফিসার চাই না বলেও মন্তব্য করেন বিচারপতি। আদালত মনে করিয়ে দিয়েছে, বহু মানুষ তদন্তে আশায় বসে আছেন, তাঁদের কথা ভাবতে হবে। সিবিআই সাতখানা চিঠি লিখেও কেন কোনও উত্তর পেল না? সেই প্রশ্নও উঠাচ্ছে আদালতে। বিচারপতির আরও বলেন, “হয়ত মুখ্যসচিবকে অনেক সিদ্ধান্ত নিতে হয়, যা রাজনৈতিকভাবে তাকে অপ্রিয় করে তোলে।” আদালতের স্পষ্ট বার্তা, অনেক ভালভাবে কথা হয়েছে। নির্বাচন কোনও অজুহাত হতে পারে না। মুখ্যসচিবকে অবশ্যই একটি সিদ্ধান্ত নিতেই ক্রত হবে। ২৬ এপ্রিলের মধ্যে আদালতকে উত্তর দিতে বলেও জানানো হয়েছে।

‘বিতর্ক ধামাচাপা দিতে চায় এনআইএ, তাই এসপি বদল’ এক্স হ্যাভেলে পোস্ট করে আরও বিস্ফোরক কুণাল

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ এনআইএ-এসপি বিতর্কের মাঝে বিস্ফোরক তৃণমূল নেতা কুণাল ঘোষ। তৃণমূল মুখপত্রের দাবি, বিজেপির সঙ্গে কোলাহলজন্মের অভিযোগ উঠতেই তড়িৎ দিল্লিতে তলব করা হয়েছে এনআইএ এসপি ধনমাল সিংহ। কুণাল দাবি করেছেন, ইতিমধ্যেই দিল্লির বিমানে উঠেও যোগাযোগ করেনি। তাঁর জয়গায় আসছেন পাটনার অহিপিএস রাকেশ বোশন। বিতর্কিত মামলাটি এবার থেকে নাকি তিনি দেখবেন। নিজের এক্স হ্যাভেলে পোস্ট করে তেমনটা দাবি করেছেন তৃণমূলের মুখপাত্র

কুণাল ঘোষ। যদিও এনআইএ-এর তরফ থেকে কোনও প্রাতিষ্ঠানিক প্রেস বিবৃতি দেওয়া হয়নি। সম্প্রতি এনআইএ কর্তার সঙ্গে বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারির বৈঠকের অভিযোগ তুলে দিল্লি পর্যন্ত পৌঁছেছে তৃণমূল। সূত্রমতে কোর্টে মামলা দায়ের করেছে। নির্বাচন কমিশনে অভিযোগ দায়ের করা হয়েছে। সোমবার সংসদ ভবনের অদূরে নির্বাচন কমিশনের বাইরে তত্ত্ব রয়েছে রাজধানীর রাজপথ। ধরনা অবস্থানে ডেরেক ও ব্রায়ান-সহ তৃণমূলের ১০ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে দলবদ্ধ ধন্যধন্য হয়েছে। অভিযোগ

কুণাল ঘোষ। যদিও এনআইএ-এর তরফ থেকে কোনও প্রাতিষ্ঠানিক প্রেস বিবৃতি দেওয়া হয়নি। সম্প্রতি এনআইএ কর্তার সঙ্গে বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারির বৈঠকের অভিযোগ তুলে দিল্লি পর্যন্ত পৌঁছেছে তৃণমূল। সূত্রমতে কোর্টে মামলা দায়ের করেছে। নির্বাচন কমিশনে অভিযোগ দায়ের করা হয়েছে। সোমবার সংসদ ভবনের অদূরে নির্বাচন কমিশনের বাইরে তত্ত্ব রয়েছে রাজধানীর রাজপথ। ধরনা অবস্থানে ডেরেক ও ব্রায়ান-সহ তৃণমূলের ১০ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে দলবদ্ধ ধন্যধন্য হয়েছে। অভিযোগ



উঠেছে, তৃণমূলের প্রতিনিধি দলের সদস্যদের দেড় ঘণ্টা রাস্তায় ঘুরিয়ে দিল্লির মন্দিরমার্গ থানায় নিয়ে গিয়েছে। সেখানেও

ধরনা করেছেন তৃণমূলের প্রতিনিধিরা। আজও প্রতিবাদে মন্দিরমার্গ থানার বাইরে ধরনায় বসেন তারা। তৃণমূলের অভিযোগ, “এনআইএ-র একজন অফিসারের বাড়িতে গিয়ে বিজেপি-র নেতারা লিস্ট দিয়ে আসছেন। মুখ্যমন্ত্রীও এই কথাই বলছেন।” কুণালের দাবি, বিজেপি নেতাই লিস্ট বানিয়ে দিয়ে আসছে, কোন কোন তৃণমূল নেতাদের প্রেফতার করতে হবে। এনআইএ কর্তার সঙ্গে বিজেপি নেতার বৈঠকের অভিযোগের মাঝেই এবার বিস্ফোরক দাবি করলেন কুণাল। যদিও প্রসঙ্গে বিজেপি নেতা জগন্নাথ চট্টোপাধ্যায়

বলেন, “এ বিষয়ে আমার কিছু জানা নেই। স্বাধীন তদন্তকারী সংস্থা কীভাবে চলবে, সেটা নিয়ে রাজ্য বিজেপির কিছু বলার থাকবে না। কুণালবাবুরাই যখন এনআইএ সম্পর্কে এত কিছু জানেন, তাহলে বুঝে নিতে হবে, এনআইএ-এর সঙ্গেই কুণাল ঘোষদের ঘনিষ্ঠতা রয়েছে। এনআইএ-এর এসপি বদল হোক বা না হোক, তাতে তদন্তের গতিমুখ বদলাবে না। যেখানে যেখানে বিস্ফোরণের ঘটনা ঘটেছে, আর যেখানে যেখানে শাসকদলের কবীরা মুক্ত রয়েছে, তাঁরা প্রত্যেকেই শান্তি পাবেন।”

সুবিচার চাইছে তৃণমূল পাঁচটি বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়ে চিঠি দিলেন অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ কেন্দ্রীয় এজেন্সিগুলিকে ব্যবহার করে বিরোধী দলগুলির নেতাদেরকে হেনস্থা করছে বিজেপি। এই অভিযোগ নিয়েই সোমবার দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছিল তৃণমূল। ১০ জনের প্রতিনিধি দল দফতরের বাইরে ধনীয় বসায় আটকও হয়। সেই ঘটনায় সোমবার রাতেই রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করে তৃণমূলের অন্য এক প্রতিনিধি দল। যার নেতৃত্বে ছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার পাঁচটি বিষয়কে সামনে রেখে রাজ্যপাল সিডি আনন্দ শিবিরের বক্তব্য, তাঁরা আশা করছে রাজ্যপাল নিরপেক্ষভাবে বাংলার সাংবিধানিক প্রধানের কর্তব্য পালন করবেন। অবাধ ও মুক্ত নির্বাচনের পথ প্রশস্ত করে গণতন্ত্র ও সংবিধানের মর্যাদা রক্ষা করবেন। চার কেন্দ্রীয় সংস্থার সঙ্গে বিজেপির আঁতাতের অভিযোগ তুলেছে তৃণমূল। পাশাপাশি ভূপতিনগরের

ঘটনার আগে বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারির সঙ্গে এনআইএ শীর্ষ অধিকারিকের বৈঠক নিয়েও রাজ্যপালকে



অভিযোগ জানিয়েছে তাঁরা। রাজভবনে দেওয়া চিঠিতে উল্লেখ করা হয়েছে দিল্লিতে দলের ১০ প্রতিনিধির উপর পুলিশের ধরপাকড়ের বিষয়ও। তৃণমূলের দাবি বেআইনিভাবে তাঁদের আটক করেছে পুলিশ। এছাড়া নির্বাচন

কমিশনের বিরুদ্ধেও সরব হয়েছে শাসক শিবির। সোমবার রাতে তৃণমূলের প্রতিনিধি দলকে নিয়ে রাজ্যপাল সিডি আনন্দ বোসের



সঙ্গে দেখা করেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রাজভবন থেকে বেরিয়ে তিনি বলেছিলেন, বিজেপি কী করেছে বা কী করে তা সবাই জানেন। কিন্তু যার কাছে নিরপেক্ষতার প্রত্যাশা রয়েছে,

তার ভূমিকা নিয়েই অভিযোগ জানিয়েছেন তিনি। অভিযেকের দাবি, নির্বাচন কমিশন বিজেপির কাছে মেরদপু বেচে দিয়েছে। অভিষেক এও জানান, রাজ্যপাল আশ্বাস দিয়েছেন এ বিষয়ে তিনি নির্বাচন কমিশনের সঙ্গে কথা বলবেন। এনআইএ ইস্যুতে অভিষেক দাবি করেছেন, রাজনৈতিক বিরোধীদের যত্নবদ্ধ করে গ্রেফতার করানো হচ্ছে। কমিশনও এসব দেখতে পাচ্ছে, কিন্তু কোনও পদক্ষেপ করছে না। রাজ্যপালের কাছে যে চিঠি দিয়েছে তৃণমূল তাতে কমিশনের পক্ষপাতমূল্য আচরণ নিয়েও অভিযোগ করেছে তারা। প্রসঙ্গত, সোমবার কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে সাক্ষাৎ করে তৃণমূল প্রতিনিধি দল চার কেন্দ্রীয় সংস্থা ইডি, সিবিআই, এনআইএ এবং আয়কর দফতরের প্রধানদের সরিয়ে দেওয়ারও দাবি জানায়। প্রতিনিধি দলের অভিযোগ, বিজেপি ক্রমাগত এই কেন্দ্রীয় এজেন্সিগুলিকে নিজেদের স্বার্থে ব্যবহার করে যাচ্ছে।

শহর কলকাতায় একই দিনে মোদি-শাহ!

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ ভোটের গরম বাংলায় বিজেপির প্রচার কর্মসূচিতে শান দিতে একগুচ্ছ কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও তাঁর সেনাপতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর। আর এবার শহর কলকাতায় একই দিনে মোদি ও শাহের কর্মসূচির সম্ভাবনা। ভোট পর্বের একেবারে শেষ লগ্নে বিজেপির এমনই মেগা কর্মসূচির সাক্ষী থাকতে পারে বঙ্গবাসী। বিজেপি সূত্র মারফত খবর এমনই জানা যাচ্ছে। আগামী ১ জুন সপ্তম দফায় বাংলার ৯টি আসনে ভোটিংগ্রহণ রয়েছে। তার আগেই এই মেগা কর্মসূচি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানা যাচ্ছে। বিজেপি সূত্রে খবর, ভোট পর্বের শেষ লগ্নে একই দিনে কলকাতায় আসতে পারেন নরেন্দ্র মোদি ও অমিত শাহ। জানা যাচ্ছে, শ্যামবাজার থেকে সিঁথি মোড় পর্যন্ত রোড শো করতে পারেন প্রধানমন্ত্রী মোদি। উত্তর কলকাতা ও দক্ষিণ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী তাপস রায় ও শীলভদ্র দত্তের সমর্থনে রোড শো করার সম্ভাবনা আছে। ওদিকে আবার একই দিনে দক্ষিণ কলকাতার হাজরায় সভা করার সম্ভাবনা রয়েছে মোদির সেনাপতি অমিত শাহর। মূলত দক্ষিণ কলকাতা ও যাদবপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী দেবশ্রী রায়চৌধুরী ও অনিবার্ণ গল্লোপাধ্যায়ের সমর্থনে ওই সভা করার সম্ভাবনা রয়েছে শাহর, সূত্র মারফত তেমনই জানা যাচ্ছে। উল্লেখ্য, ভোট পর্বের অন্তিম দফায় বাংলায় একাধিক হাইড্রোজেনিক আসনে ভোট রয়েছে। তালিকায় রয়েছে কলকাতা উত্তর, কলকাতা দক্ষিণ, যাদবপুর, দমায়, বারাসত, বসিরহাট, ডায়মন্ড হাববার, জয়নগর ও মথুরাপুর। পরা শিবির সূত্রে খবর, বিজেপি চাইছে ভোট পর্বের অন্তিম লগ্নে রেলমন্ত্রী শিবিরের দুই তাবড় মহারথীরা একই দিনে জোড়া কর্মসূচি রাখতে।

পোশাক, জুতো, আসবাব-প্রার্থীর সম্পত্তির সব হিসেব জানার দরকার নেই ভোটারদের

নয়াদিল্লি, ৯ এপ্রিলঃ ভোটের প্রার্থীদের সম্পত্তি কত? কে, কত কোরি মালিক? রাজনৈতিক মহলে এসব আলোচনা হয়েই থাকে। বিশেষত ভোট এগিয়ে এলেই বাড়ি চর্চা। কার গ্যারাজে কটা গাড়ি, কার স্ট্রীর নামে ক খানা বাড়ি, কোন প্রার্থীর জীবনব্যত্রে বিলাসবহুল-ভোটের মূল দল নির্বিশেষে এ সব নিয়ে কাটাচ্ছেটা শুরু হয়েছে ইতিমধ্যেই। এরই মধ্যে প্রার্থীদের সম্পত্তি নিয়ে গুরুত্বপূর্ণ পর্ববেক্ষণ সূত্রমতে কোর্টের। একজন প্রার্থীর সব অস্থাবর সম্পত্তির হিসেব দেওয়া জরুরি



নয় বলে পর্ববেক্ষণ শীর্ষ আদালতের। ২০১৯ সালের একটি মামলায় এমনটাই বলেছে সূত্রমতে কোর্টের। বিচারপতি অনিরুদ্ধ বসু ও বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চ। ভোটের আগে নির্বাচন কমিশনে জমা দেওয়া হলফনামায় প্রার্থীর সম্পত্তির হিসেব দেন। সেখানে তার ও তাঁর পরিবারের স্থাবর ও অস্থাবর সম্পত্তি কথা উল্লেখ করা হয়। অসমের এক বিধায়কের বিরুদ্ধে অভিযোগ ওঠে, তিনি তাঁর পূর্ণ সম্পত্তির হিসেব দেননি হলফনামায়। সেই মামলায় শীর্ষ আদালতের পর্ববেক্ষণ, যে সম্পত্তি প্রার্থীর বিলাসবহুল জীবনের প্রমাণ দেয়, তা ছাড়া বাকি সম্পত্তি উল্লেখ না করলেও চলবে। ভোটারদের ওই সব তথ্য জানতেই হবে, এমন কোনও নিয়ম নেই বলেও উল্লেখ করেছে সূত্রমতে কোর্ট। ২০১৯ সালে অরুণাচল প্রদেশের তেজু থেকে জম্মি হয়ে বিধায়ক হন কারিখো ত্রি। ভোটের ফল প্রকাশের পর তাঁর বিরুদ্ধে মামলা করেছিলেন কংগ্রেস প্রার্থী নানে তামাং। অভিযোগ ছিল, কারিখো ত্রি তার

সব সম্পত্তির হিসেব দেননি হলফনামায়। তাই ওই ফলাফল বাতিল করার আর্জি জানান তিনি। গুয়াহাটি হাইকোর্ট ওই মামলায় কারিখো ত্রি-র সেই ভোট বাতিল বলে নির্দেশ দেয়। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করেই মামলা হয় সূত্রমতে কোর্টে। অভিযোগ ছিল, কারিখোর স্ত্রীর নামে থাকা তিনটি গাড়ির কথা উল্লেখ করেননি তিনি। পরে জানা যায়, ওই গাড়িগুলির কোনওটি উপস্থারে পাওয়া, কোনওটি হলফনামা পেশ করার আগেই বিক্রি হয়ে গিয়েছে। আদালতের পর্ববেক্ষণ, ওই গাড়িগুলিকে এখন আর সম্পত্তি হিসেবে ধরা যাবে না। প্রার্থীদের সম্পর্কিত তথ্য ভোটারদের জানার অধিকারও চরম সত্য নয় বলে উল্লেখ করেছে সূত্রমতে কোর্ট। বিচারপতি সঞ্জয় কুমার নির্দেশনামায় উল্লেখ করেছেন, ‘যে তথ্য নিয়ে ভোটারদের মাথাব্যথার কারণ নেই, তা হলফনামায় উল্লেখ করার প্রয়োজন নেই।’ আদালত আরও উল্লেখ করেছে, প্রার্থী ও তাঁর পরিবারের কাছে থাকা সব অস্থাবর সম্পত্তির কথা উল্লেখ না করলেও চলবে। উদাহরণ হিসেবে বলা হয়েছে, পোশাক, জুতো, বাসনপত্র, আসবাবের কথা উল্লেখ করতে হবে না, যদি না তার মূল্য অত্যন্ত বেশি হয়। শীর্ষ আদালত ব্যাখ্যা করতে গিয়ে বলেছে, যদি কোনও প্রার্থীর কাছে একাধিক মূল্যবান ঘড়ি থাকে, তাহলে তা উল্লেখ করতে হবে। তবে সাধারণ ঘড়ি থাকলে তা বলার দরকার নেই। এ ব্যাপারে কোনও নির্দিষ্ট নিয়ম নেই বলেও উল্লেখ করেছে আদালত। কারিখো ত্রি-র মামলায় হাইকোর্টের নির্দেশ খারিজ করে দিয়েছে সূত্রমতে কোর্ট।

নিয়োগ দুর্নীতি নিয়ে এসেছিল বেনামি চিঠি, এবার সিবিআই-কে অনুসন্ধানের নির্দেশ দিল হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ পাহাড়েও নিয়োগে হয়েছে চরম দুর্নীতি। কিছুদিন আগে এই অভিযোগ নিয়েই একটি চিঠি পৌঁছয় সিবিআই-র হাতে। সেই চিঠিতে একাধিক শাসক দলের নেতার নামও ছিল। এবার সেই বেনামি চিঠির প্রাথমিক অনুসন্ধানের ভার গেল কেন্দ্রীয় সংস্থা সিবিআই-এর হাতে। মঙ্গলবার সেই বেআইনি চিঠির মামলায় সিবিআই-এর অনুসন্ধানের নির্দেশ দিলেন বিচারপতি বিশ্বজিত বসু। আদালতের নির্দেশ, সিবিআই-এর সিট এই অনুসন্ধান করবে। আদালত মনে করে, এই চিঠিতে যে সমস্ত তথ্য রয়েছে, তার অধিকাংশই নষ্ট হয়ে গিয়েছে। তাই সিবিআই-কে তৎপরতার সঙ্গে অনুসন্ধান করতে হবে বলে উল্লেখ

করেছেন বিচারপতি। একইসঙ্গে বিধাননগর উত্তর থানার আইসি-কে নির্দেশ দেওয়া হয়েছে, কেন তিনি এক্সাইজার নেননি, যে বিষয়ে রিপোর্ট জমা দিতে হবে। আগামী ২৫ এপ্রিল এ বিষয়ে রিপোর্ট পাঠাতে হবে। সিবিআই। একইসঙ্গে জিটএকেও ওই দিন রিপোর্ট দিতে হবে। জিটএ-কে নির্দেশ দেওয়া হয়েছে, পাহাড়ে যতজনের চাকরি পাওয়ার অভিযোগ উঠেছে, তারা কীভাবে, কোন প্রক্রিয়ায়, কার অনুরোধে চাকরি পেয়েছে, তাঁদের যোগ্যতা কী আছে, তার তথ্য জিটএ-কে হলফনামা আকারে জমা দিতে হবে। বিচারপতি বসু এদিন আরও বলেন, “আমার মনে হয়, পুলিশ কাউকে আড়াল করার চেষ্টা করছে।”

কেজরীর গ্রেফতারি ‘বৈধ’, ইডির নথিতে ‘চক্রান্তে সক্রিয় যোগের’ ইঙ্গিত। হাইকোর্ট

নয়াদিল্লি, ৯ এপ্রিলঃ আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবালের গ্রেফতারি বৈধ, পর্ববেক্ষণ দিল্লি হাইকোর্টের। ইডির গ্রেফতারি ও নিম্ন আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ করে দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল কেজরীবাল। মঙ্গলবার সেই আর্জি খারিজ করে দিয়েছে উচ্চ আদালত। দিল্লি হাইকোর্টের বিচারপতি স্বর্ধকান্ত শর্মা বৈধ গণত ৬ এপ্রিল এই আর্জির শুনানি হয়েছিল এবং রায়দান স্থগিত রাখা হয়েছিল। তারপর আজ কেজরীবালের আর্জি সংক্রান্ত মামলার রায় জানাল হাইকোর্ট। লোকসভা ভোটের মুখেই কেজরীবালের গ্রেফতারি প্রসঙ্গে



হাইকোর্ট জানিয়েছে, “অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। তাঁর গ্রেফতারি ও সেরগুলি খতিয়ে দেখে আদালতের দোষ উচিত, ভোটের সময় দেখে নয়।” ইডির তরফে যে সব নথি আদালতে জমা দেওয়া হয়েছিল, সেগুলি খতিয়ে দেখে আদালতের মন্তব্য, “যে সব নথি ইডির হাতে এসেছে, তাতে দেখানো হচ্ছে অরবিন্দ কেজরীবাল যত্নবদ্ধ করেছিলেন এবং প্রেসিডেন্ট অরবিন্দ কেজরীবাল। এরপর তাঁকে দিল্লির রাউজ এভিনিউ কোর্টে পেশ করা হলে, আদালত তাঁকে ২৮ মার্চ পর্যন্ত ইডি হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছিল। সেই সময়েই ইডির হাতে গ্রেফতারি ও নিম্ন আদালত থেকে হেফাজতে পাঠানোর নির্দেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে গিয়েছিলেন। “বিচারকরা আইনের দ্বারা আবদ্ধ, রাজনীতি দ্বারা নয়। বিচারকরা আইনের নীতি অনুযায়ী রায় দেন, রাজনীতি দেখে নয়। আদালত রাজনীতির রাজত্বে যেতে পারেন না।”

১২ কোচ ই.এম.ইউ চালানোর জন্য শিয়ালদহ মেইন স্টেশনের সার্বাবান প্লাটফর্মগুলির দৈর্ঘ্যবৃদ্ধির কাজ এগিয়ে চলেছে

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিল : পূর্ব রেলের শিয়ালদহ উত্তর ও মেইন শাখার শহরতলীর যাত্রীদের আরামদায়ক যাতায়াতের জন্য সমস্ত ই.এম.ইউ রেকগুলিকেই ১২ কোচের রেক করে চালাতে সচেষ্ট পূর্ব রেল। উল্লেখযোগ্য যে, শিয়ালদহ দক্ষিণ শাখার প্রায় সব ই.এম.ইউ লোকাল এখন ১২ কোচের। কিন্তু, শিয়ালদহ মেইন ও উত্তর শাখায় অর্থা শিয়ালদহ–রানাঘাট – কৃষ্ণনগর এবং শিয়ালদহ–বনগাঁ সেক্ষনের সব ট্রেনগুলি এখনো ১২ কোচের করা সম্ভব হয়নি। এর জন্য শিয়ালদহ মেইন সেক্ষনের বেশ কিছু প্লাটফর্মের দৈর্ঘ্যবৃদ্ধি দরকার। সদাযন্ত শিয়ালদহ মেইন স্টেশনের এই কাজ যথেষ্ট সমস্যাসংকুল। কারণ, প্রয়োজনীয় ট্রাফিক রূক এবং ট্রেন চলাচলের নিয়ন্ত্রণ সবময়য় শিয়ালদহের মতো ব্যস্ত স্টেশনে সম্ভব নয়।



পরিবর্তনের জন্য নন ইন্টারলকিং ইত্যাদির কাজ শেষ হতে প্রায় মে মাসই যাবে যাবে। এরপরে আছে শিয়ালদহের ৫ নং প্লাটফর্মের দৈর্ঘ্যবৃদ্ধির কাজও। আশা করা যায়, জুন মাসের মধ্যে শিয়ালদহ মেইন শাখার ১ থেকে ৫ নং অবধি সমস্ত প্লাটফর্মই ১২ কোচের ই.এম.ইউ লোকাল চলাচলের উপযুক্ত হয়ে উঠবে। পূর্ব রেলের জেনারেল

ম্যানেজার, শ্রী মিলিন্দ কে. দেওস্বর শিয়ালদহের এই প্লাটফর্মের দৈর্ঘ্যবৃদ্ধির কাজ ত্রুততার সাথে সম্পন্ন করে যাত্রীদের সুবিধাবৃদ্ধিতে এবং ট্রেন কামরায় ভিরে চাপও কমবে। শিয়ালদহের উত্তর এবং মেইন শাখায় সমস্ত ই.এম.ইউ রেকগুলি ৯ কোচ থেকে ১২ কোচে রূপান্তরিত হবার ফলে প্রতিটি লোকাল ট্রেনেই গড়ে আরও ৩৬০ জন স্বাচ্ছন্দে বসতে পারবেন। এছাড়া দাঁড়িয়ে যাত্রার ক্ষেত্রেও ট্রেন প্রতি প্রায় ১২০০ জন অতিরিক্ত যাত্রী হাড়া করতে পারবেন। শহরতলীর নগরায়নে এটি অত্যন্ত সহায়ক হয়ে উঠবে কারণ, যাতায়াতের সুবিধাবৃদ্ধির ফলে শহরতলীর দূরপ্রান্তের বসবাস করীয়েত তাদের কাজের জায়গায় সময়মতো যোগদান করার জন্য কলকাতায় অস্থায়ী বাসস্থানের প্রয়োজনীয়তা কমে আসবে। শ্রী কৌশিক মিত্র, পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক বলেন যে, পূর্ব রেল শিয়ালদহ মেইন স্টেশনের প্লাটফর্মগুলির দৈর্ঘ্যবৃদ্ধি করে যত দ্রুত সম্ভব আরও বেশি ১২ কোচের ট্রেন চালানোর চেষ্টা করছে। এই কাজে সহ্যতা মাঝে মধ্যে ট্রাফিক রূক ও ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। যাত্রীসাধারণের কাছে পূর্ব রেল এই কাজে সহায়তা করার জন্য অনুরোধ জানায় কারণ এতে ভবিষ্যতে যাত্রীদেরই স্বাচ্ছন্দ বৃদ্ধি পাবে।

যত বেশি সংখ্যায় সম্ভব ১২ কোচ ই.এম.ইউ লোকাল চালানোর চেষ্টা করতে সংশ্লিষ্ট সব বিভাগকে নির্দেশ দিয়েছেন। শিয়ালদহ স্টেশন যেখান থেকে রোজ প্রায় দশ লক্ষাধিক যাত্রী যাতায়াত করেন, সেখানে সমস্ত ই.এম.ইউ লোকালগুলিকে ১২ কোচে পরিবর্তিত করা গেলে যাত্রীসাধারণের স্থান সংকুলানের বৃদ্ধি পাবে যার ফলে যাতায়াতের সুবিধা

বোমা মেরে স্কুল উড়িয়ে দেওয়ার হুমকি ছিল ‘ভুয়ো’, জানাল পুলিশ

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিল : বোমা মেরে স্কুল উড়িয়ে দেওয়ার হুমকি ভুয়ো। মঙ্গলবার কলকাতা পুলিশের তরফে এমনই জানানো হয়েছে। কলকাতা পুলিশের ফেসবুক পেজে একটি বিবৃতি দিয়ে জানানো হয়েছে, এই ধরনের ভুয়ো হুমকি-মেল কে বা কারা পাঠাল, তার তদন্ত শুরু হয়েছে। একটি অভিযোগও দায়ের করা হয়েছে। অতীতে এই ধরনের মেল বেসালুক এবং চেমাই শহরের স্কুলগুলিকেও পাঠানো হয়েছিল। অভিভাবক ও স্কুল কর্তৃপক্ষকে আশুস্ত করে পুলিশের তরফে বলা হয়েছে, ‘ নিরাপত্তা নিয়ে উদ্বেগের কোনও কারণ নেই। আমরা সকলকে অনুরোধ করছি, দয়া করে গুজব ছড়ানেন না, ভয় পানেন না। উল্লেখ্য, সোমবার সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে একটি স্ক্রিনশট। সেটিতে দেখা যায়, ‘ নামে একটি ইমেেল আইডি থেকে কলকাতা-সহ বিভিন্ন বিভিন্ন জেলার বহু স্কুলকে হুমকি চিঠি পাঠানো হয়েছে।

চিকিৎসকের অভাবে পরিষেবা বন্ধ পাঁচগাছিয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে

দুরন্ত বার্তা,জয়নগর, ৯ এপ্রিল : চিকিৎসকের অভাবে ইনডোর বিভাগের পরিষেবা বন্ধ, সমস্যায় সাধারণ মানুষ। জয়নগরের গৌচরন লাগোয়া বারুইপুরের পাঁচগাছিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসকের অভাবে ইন্ডোর বিভাগের পরিষেবা বন্ধ থাকায় গ্রামের বাসিন্দাদের ভোগান্তি চরমে। ঝাঁ চকচকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। রয়েছে ১০টি বেড। সুবন্দেবস্ত থাকা সত্বেও চিকিসকের অভাবে বন্ধ হয়ে গিয়েছে স্বাস্থ্যকেন্দ্রের ইন্ডোর পরিষেবা।অভিযোগ গত তিন বছর ধরে বন্ধ রয়েছে এটি। ফলে কয়েকটি গ্রামের বাসিন্দাদের ভোগান্তি বেড়েছে চরমে।১২ কিলো মিটার দূরে বারুইপুর মহকুমা হাসপাতালে ছুটতে হচ্ছে তাদের।আর এমন চিঠি উঠে এলো বারুইপুর রুকের নবগ্রাম গ্রাম পঞ্চায়েতের পাঁচগাছিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের। অভিযোগ,বার বার প্রশাসনের সব স্তরে জানানোর পরে ও এই স্বাস্থ্যকেন্দ্রের উপরে কোনও নজর দেওয়া হয়নি।আর জয়নগরের গৌচরগ এখ থেকে বারুইপুর যাওয়ার পথে কুলপি রোডের পাশেই এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। ২০১৫ সালে এই স্বাস্থ্যকেন্দ্রের নতুন করে সংস্কার করা হয়েছিল। কয়েক বছর আগেও ইন্ডোর পরিষেবা ভালো ভাবেই চালু ছিল। এখন শুধু আউটডোর পরিষেবা টুকু চালু আছে।এই স্বাস্থ্য কেন্দ্রের উপর বারুইপুর রুকের নবগ্রাম, ধপধপি ১, ধপধপি ২, শংকরপুর ১, শংকরপুর ২ এবং জয়নগর ১ নং রুকের নারায়নীতলা,খাকান্দহ, জাদুলিয়া ও ধোসা চন্দনেশ্বর পঞ্চায়েতের কয়েক হাজার মানুষ নির্ভরশীল।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, আউট ডোর পরিষেবায় একজন মাত্র চিকিৎসক থাকেন। রোগীদের এত ভি হয় নাস্তানুবুদ অবস্থা। অল্প কিছু হলেই আমাদের ১২ কিলো মিটার দূরে বারুইপুর মহকুমা হাসপাতালে ছুটতে হয়।এই স্বাস্থ্য কেন্দ্রের পরিচালন সমিতির অন্যতম সদস্য পার্থসারথী দাস বলেন, তিন বছর ধরে ইন্ডোর পরিষেবা বন্ধ আছে। আগে দুই জন চিকিৎসক, ৬ জন নার্স দিয়ে এই পরিষেবা চলতো। মহিলা ওয়ার্ডে ৫টি বেড, পুরুষ ওয়ার্ডে ৫টি বেড আছে। এই ইন্ডোর পরিষেবা চালু হলে অনেক মানুষের উপকার হবে। স্বাস্থ্যকেন্দ্র সূত্রে খবর, আউটডোরে একজন নার্স,একজন ফার্মাসিট, একটা সুইপার রয়েছে। এই স্বাস্থ্যকেন্দ্রে পরিষ্কার রাখার দায়িত্বে ৩ জন মহিলা রয়েছেন। অভিযোগ, আইই বছর ধরে তাদের বেতন বন্ধ করে রাখা হয়েছে। বাসিন্দারা বলেন, এই স্বাস্থ্যকেন্দ্রে সব সুবিধা থাকা সত্বেও ইন্ডোর পরিষেবা বন্ধ করে রেখে দেওয়া হয়েছে।আর অবিলম্বে প্রশাসনের দেখা উচি বিষয়টি কে। যেখানে গ্রাম বাংলার মানুষ নির্ভরশীল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উপরে।

৪৫-বছর-বয়সী মহিলা একটি নতুন জীবন পেলেন



কলকাতা, ৯ এপ্রিল : ৪৫ বছর বয়সী মালবিকা মন্ডল (নাম পরিবর্তিত), একটি গুরুতর কার্ডিয়াক সমস্যার কারণে একটি জীবনঝুঁকি স্বাস্থ্য সংকটের মুখোমুখি হন - মহাধর্মনী বিচ্ছেদ যা একটি গুরুতর অবস্থা যেখানে মহাধর্মনীটির একটি স্তর বিচ্ছিন্ন হয়ে যায়, রোগীর জীবনের জন্য ঝুঁকি তৈরি করে। মালবিকা মন্ডলের কেসটি বেশ কয়েকটি কারণে বিশেষভাবে সমালোচনামূলক ছিল, যার মধ্যে রয়েছে অ্যাণ্টিক ডিসেকশনের মতো পারিবারিক ইতিহাস, বারো বছর আগে টাইপ এ অটিক ডিসেকশন সার্জারি হয় এবং পুনরায় সার্জারির প্রয়োজন হয়। তবে, গিনিয়ার কার্ডিয়াক সার্জন, ডঃ অননু সাহা এবং তার দলের বিশেষজ্ঞের তত্ত্বাবধানে, মালবিকা মন্ডল নারায়ণ হেলথের আরএন ট্রোগার হাসপাতালে একটি বিলল এবং সম্ভাব্য মারাত্মক টাইপ বি অ্যাণ্টিক ডিসেকশনের জন্য সফল চিকিৎসা করেন।

সন্দেশখালিতে এবার আক্রান্ত পুলিশ, ৩ সন্দেহভাজন আটক

সন্দেশখালি, ৯ এপ্রিল : উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে এবার আক্রান্ত পুলিশ। সোমবার রাতে শীতুলিয়া পুলিশ ক্যাম্পের ভেতরে ঢুকে হামলা চালায় দুকুতীরা। এমনিতেই অতীতে রাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ে বহুবার প্রশ্ন তুলেছে বিজেপা। তার উপর সন্দেশখালিতে পুলিশের ওপর হামলা ইস্যু তা আরও উস্কে দিল। পুলিশ সূত্রের খবর, সোমবার রাতে ক্যাম্পের ভিতরে পুলিশ কনস্টেবলের উপর হামলা চলে, মাথায় রক্ত দিয়ে আঘাত করা হয় বলে অভিযোগ। আহত কনস্টেবলকে আশঙ্কাজনক অবস্থায় কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনায় জড়িত সন্দেহে ৩ জনকে আটক করেছেন সন্দেশখালি থানার পুলিশ। কী কারণে হামলা, তা খতিয়ে দেখা হচ্ছে।

বালিতে ভোট প্রচারে প্রসূন, হুড খোলা গাড়িতে বিধায়ককে সঙ্গে নিয়ে জনসংযোগ

দুরন্ত বার্তা, হাওড়া, ৯ এপ্রিল : বালিতে ভোট প্রচারে প্রসূন, হুড খোলা গাড়িতে বিধায়ককে সঙ্গে নিয়ে করবেন জনসংযোগ যাত্রা। মঙ্গলবার সকালে বালিখাল জেটিয়াবাড়ি এলাকা থেকে ভোট প্রচারে আসেন হাওড়া সারর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থী প্রসূন বন্দ্যোপাধ্যায়। সঙ্গে ছিলেন বালির বিধায়ক ডাঃ রাণা চট্টোপাধ্যায়। হুডখোলা জিপে কয়েক কিলোমিটার রাস্তা ঘুরে এদিন প্রার সাধেন প্রসূন। বালির চৈতলপাড়া, গোস্বামীপাড়া-সহ বিভিন্ন এলাকায় এদিন প্রচার ও জনসংযোগ করেন তৃণমূল প্রার্থী। বালির প্রাচীন বৃটিমার মন্দিরে পূজো দিয়ে এদিন প্রার শুরু করেন প্রসূন বন্দ্যোপাধ্যায়। এদিন ঢাক বাজিয়ে বালি-বেলুড়ে পাড়ায় পাড়ায় প্রচার করেন প্রসূন বন্দ্যোপাধ্যায়। ভোট জিতলে বালির পানীয় জল সমস্যার সমাধানের আশ্বাস দেন প্রসূন বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, এর পাশাপাশি ভোট জিতলে বালিতে নতুন সড়ক নির্মাণ

করা হবে। এছাড়া বালির কেন্দারনাথ হাসপাতালকে পুনরুজ্জীবিত করা হবে। এদিন প্রসূন বন্দ্যোপাধ্যায়



আরও বলেন, হাওড়ায় আবালবৃদ্ধবগিতা সবাই মিলে প্রচারে ব্যাপিয়ে পড়েছে। দলীয় সমস্যা কিছু নেই। আমাদের টিমেই একটা পরিবার। হাওড়ার অবস্থা খুব ভালো। হাওড়ের মানুষদের মধ্যে প্রচারে ব্যাপক সাড়া পাত্তা গেছে। যারা দাঁড়িয়েছেন তারা প্রাণেরে কিন্তু ভোটে পারবেন না।

দক্ষিনেশ্বর রুটে দিনে ২৩৪টি ট্রেন চালবে

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিল : মেট্রো রেল আগামী বৃহস্পতিবার ঈদ উল ফিতরের দিন নর্থ সাউথ করিডরের কবি সুভাষ দক্ষিনেশ্বর রুটে আপ ও ডাউনে দিনে ২৩৪টি ট্রেন চালাবে। অন্যদিকে ইস্ট ওয়েস্ট করিডরের ধর্মতলা হাওড়া ময়দান রুটে ১৩০টির পরিবর্তে ১২২টি ট্রেন চালানো হবে বলে মেট্রো কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানিয়েছে। পাশাপাশি শিয়ালদা স্টেট্রর ফাইভ করিডরে দিনে ৯০টি ট্রেন চালানো হবে বলেও জানা গিয়েছে।

নতুন যুগের সূচনা

টেকসই ও গতিশীলতার একটি নতুন যুগের সূচনা করলো রাফ্ট কর্মসিক ইতি কলকাতা - বৈদ্যুতিক যান (ইলেকট্রিক ভেহিকল ইভি) শিল্পের একটি শীর্ষস্থানীয় নাম, রাফ্ট কর্মসিক ইভি বৃহস্পতিবার তার অত্যাধুনিক ইভি প্যগগুলিকে গর্বিতভাবে উপস্থাপন করেছে। অনুষ্ঠানটি উদ্ভাবন এবং পরিশীলিতার একটি প্রমাণ ছিল, তারা ৪টি ইভি বাজারে নিয়ে আসে। প্রতিটি মডেল একটি স্বতন্ত্র ছবি তুলে ধরে।

বুধবার ফের শাহজাহান পত্নীকে তলব ইডির

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিল : বুধবার শাহজাহান শেখের পত্নীকে ফের সিজিও কমপ্লেক্সে তলব করা হয়েছে। উল্লেখ্য, সোমবার তাঁকে সকাল থেকে রাত অবধি জেরা করেছে ইডি। সন্দেশখালি কাণ্ডে গৃহ তল্লাজাহান শেখের বেআইনি কার্যবারের সন্ধান পেতে তার স্ত্রী তসলিমা বিবিকে বারবার জিজ্ঞাসাবাদ করছে ইডি। প্রসঙ্গত, শাহজাহানের স্ত্রী সন্দেশখালির সরবেরিয়াতে থাকেন। আদালতকে একসময় শাহজাহান জানিয়েছিলেন, স্ত্রীর অসুস্থতার জন্যই তিনি আদালতে হাজিরা দিতে পারছেন না। সেই স্ত্রী এবার এলেন প্রকাশ্যে। ইডির অনুমান, শাহজাহানের ব্যবসার অনেক গোপন কথাই জানতে পারেন স্ত্রী তসলিমা। তাই তাঁকে বারবার তলব। সূত্রের খবর, তসলিমাকে শাহজাহানের মাদক ব্যবসা নিয়ে একাধিকবার প্রশ্ন করা হলেও তিনি একটিও জবাব দেননি।

সিঙ্গুরে জামাইয়ের হাতে খুন শ্বশুর ও শ্যালিকা

দুরত্বাৰ্তা, সিঙ্গুর, ৯ এপ্রিল:জামাইয়ের হাতে ‘খুন শ্বশুর ও শ্যালিকা। হুগলির সিঙ্গুর থানার দৌলই গাছা হোটেল ধারের ঘটনা। পুলিশ জানিয়েছে, মৃতদের নাম বিনিতা সাউ (৩০) ও বিষ্ণু দয়াল সাউ(৬০)। খবর পেয়ে ঘটনাস্থলে যায় সিঙ্গুর থানা পুলিশ। অস্বস্তিক জামাই পিতৃ মণ্ডলকে আটক করে থানায় নিয়ে যায়। মৃতদেহ উদ্ধার করে শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে পাঠানো হয় ময়নাতদন্তের জন্য। কী কারণে খুন তা জানতে জামাইকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, সিঙ্গুরের দলুইগাছা হোটেল ধারে বৈদ্যবাটি তারকেশ্বর রোডের পাশে বাঁটিে মঙ্গলবার সকালে খুন হন বৃদ্ধ বিষ্ণু দয়াল সাউ ও তাঁর ছোটো মেয়ে বিনিতা। তদন্তকারীরা জানাচ্ছেন, মাথায় ভারী কিছু দিয়ে আঘাতের চিহ্ন ছিল। বিষ্ণু দয়ালের বড় মেয়ে ও জামাই ওই বাড়িতেই থাকেন। মঙ্গলবার সকালে বা. মেয়ে ডলি মণ্ডল তাঁর বোনের এক সহপাঠীকে ফোন করে খবর দেন। চন্দনপুরে বাড়ি ওই সহপাঠীর নাম প্রিয় দে। প্রীতম নামে ওই যুবক জানান, ‘ ফোন করে বলে, তাড়াতড়ি এসো।’ বাড়িতে গিয়ে রক্তাক্ত অবস্থায় দু’জনকে দেখতে পান প্রীতম। এরপর পুলিশ আসে। বিনিতার বন্ধু জানান, বাড়িতে অশান্তি হতা সেই আশুপ্তি পারিবারিক নাকি অন্য কারণে, তা খতিয়ে দেখছে পুলিশ। আপাতত সিঙ্গুর থানায় নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে অস্বস্তিক জামাই পিতৃ মণ্ডলকে। হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন জানিয়েছেন, অস্বস্তিক জামাইকে ফোনতার করা হয়েছে।পুলিশ ফোজতে নিয়ে তাঁকে আরও জিজ্ঞাসাবাদ করা হবে। পারিবারিক অশান্তির কারণে এই ঘটনা বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

সৌগতর সমর্থনে প্রচারে সায়ন্তিকা

দুরন্ত বার্তা, কামারহাটি, ৯ এপ্রিল : সৌগত রায়ের সমর্থনে নির্বাচনী প্রচারে দেখা গেল অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়কে। এর আগে ত্রাতা বসুও প্রচারে অংশ নিয়েছেন সৌগত রায়ের সমর্থনে। মঙ্গলবার কামারহাটি ও বরানগরে নির্বাচনী প্রচারের সময় সায়ন্তিকাকে পাশে নিয়েছেন সৌগত রায়। সায়ন্তিকাকে এবার বরানগর উপনির্বাচনের টিকিট দিয়েছে তৃণমূল। তৃণমূলের বিক্ষুব্ধ বিধায়ক তাপস রায় বিজেপিতে যোগ দেওয়ার পরই সেখানে উপনির্বাচন ঘোষণা হয়। অন্যদিকে লোকসভা ভোটে টিকিট না পেয়ে অভিমান হয় সায়ন্তিকার অবশেষে বরানবিরের উপনির্বাচনে তাঁকে ভোটে দাঁড় করায় তৃণমূল।

এয়ারটেল তার গ্রামীণ উন্নয়ন প্রকল্পের অধীনে দক্ষিণ ২৪ পরগনা জেলায় তার নেটওয়ার্ক প্রসারিত করেছে

দক্ষিণ ২৪ পরগনা, ৯ এপ্রিল : ভারতী় এয়ারটেল, ভারতের অন্যতম শীর্ষস্থানীয় পরিষেবা টেলিযোগাযোগ প্রদানকারী, আজ ঘোষণা করেছে যে এটি তার নেটওয়ার্কে প্রসারিত করতে দক্ষিণ ২৪ পরগনা জেলায় অতিরিক্ত সাইট স্থাপন করেছে। দক্ষিণ ২৪ পরগনা জেলা নেটওয়ার্ক বর্ধিতকরণ প্রকল্পটি ২৯০৮টি গ্রামে ৬৩.৩ লক্ষ গ্রামীণ জনসংখ্যকে পরিষেবা প্রদান করে। দক্ষিণ চব্বিশ পরগনা জেলার অধীন পাধরপ্রতিমা, বাসন্তী, কাকদীপ, সাগর, মহারহাট - ২, মথুরাপুর - ২, বারুইপুর এবং গোসাবার তহসিলের গ্রাহকরা এই নেটওয়ার্ক বর্ধনের মাধ্যমে সরাসরি উপকৃত হবেন। সম্প্রসারণটি উচ্চ-গতির সংযোগে নিরবিচ্ছিন্ন করবে যা দক্ষিণ ২৪ পরগণার গ্রামীণ এলাকায় কাজ, পড়াশোনা এবং বিনোদনের জন্য নির্ভরযোগ্য

নিউবারাকপুর প্রফুল্লচন্দ্র কলেজের বিশেষ সাংস্কৃতিক প্রতিযোগিতা

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ৯ এপ্রিল নিউবারাকপুর প্রফুল্ল চন্দ্র মহাবিদ্যালয়ের উদ্যোগে প্রতি বছরের মতো এই বছরেও জেলার স্কুলগুলিকে নিয়ে ৮-৯ এপ্রিল দ্বিদিবসীয় আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলো। রবিবার ছিল বসে আঁকা, তাৎক্ষণিক বক্তৃতা, বিজ্ঞানের মডেল, প্রদর্শনী, কুইজ এবং সোমবার নৃত্য ও সঙ্গীত প্রতিযোগিতা। এক দশকেরও বেশী সময় ধরে জেলার স্কুলগুলিকে নিয়ে ধারাবাহিকভাবে এই আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করে চলেছে জানান নববারাকপুর প্রফুল্ল চন্দ্র মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. সুনিল কুমার বিশ্বাস। সফল প্রতিযোগীদের পুরস্কার প্রদান করা হয় এদিন। উপস্থিত ছিলেন মহাবিদ্যালয়ের বিভিন্ন অধ্যাপক অধ্যাপিকা ও পরিচালন সমিতির সদস্যরা। প্রতিযোগী দের উদ্মানদা উচ্ছ্বাস ছিল বেশ ভালো।কাভিডকালেও অনলাইনে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। নানান সাংস্কৃতিক ও একাডেমিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে নববারাকপুর প্রফুল্ল চন্দ্র মহাবিদ্যালয় নিরন্তর জেলার স্কুলগুলির সঙ্গে যোগাযোগ ও বিনিময় চালু রেখেছে। সম্প্রতি ন্যাকের মূল্যায়নে এই কলেজ ক্ রেড পেয়েছে। ন্যাকেও এই আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা কলেজের একটি বেস্ট প্র্যাকটিস হিসেবে সম্মান ও স্বীকৃতি লাভ করেছে।



এক সময় দেওয়াল আকর্ষণীয় করে তুলতে তৎপর থাকতে রাজনৈতিক দলগুলি। ছোটো ছড়া, ব্যঙ্গচিত্র। প্রার্থীর নাম লিখতে চমকর অঙ্কন শৈলীর পরিচয় থাকতো। গ্রহণযোগ্যতা বেশি ছিল ব্যঙ্গচিত্রের। তবে সমাজ যত আধুনিক হয়েছে ততই যেন হারিয়ে যেতে বসেছে দেওয়াল লিখন এর উৎকর্ষতা। হুগলি লোকসভা কেন্দ্রের ছবি। ছবি- মলয় সুর

ডাক্তার আবির রায়ের ভিন্ন স্বাদের গল্প সংকলন প্রকাশিত



দুরন্ত বার্তা,ইছাপুর, ৯ এপ্রিল : জনপ্রিয় ডাক্তার আবির রায়ের ভিন্ন স্বাদের গল্প সংকলন নানা রঙের গল্প প্রকাশিত হল। সম্প্রতি ‘অলেয় ‘ নাট্য সংস্থার উদ্যোগে ইছাপুর বিকাশ বসু কনভেনশন সেন্টারে আয়োজিত হলো একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন বিখ্যাত নাট্য ব্যক্তিত্ব চন্দন সেন , শিক্ষাবিদ অজিত দত্ত , প্রৌঢ় মোহনবাগান একজিকিউটিভ সদস্য লক্ষীকান্ত মোদক এবং সর্বোপরি উত্তর ব্যারাকপুর পৌরসভার পৌর প্রধান মলয় ঘোষ – সহ আরো অনেকে। অনুষ্ঠান সূচনা হয় বিশিষ্ট সঙ্গীত শিল্পী রূপা রায়ের ভিন্ন স্বাদের গান দিয়ে রূপা দেবী তাঁর সুমিষ্ট কণ্ঠে রবীন্দ্র সংগীত , নজরুলগীতি , আধুনিক ও লোক গান দিয়ে শ্রোতাদের মন জয় করেন। এরপরে চন্দন সেন জনপ্রিয় চিকিৎসক ডা. আবির রায়ের লেখা ছোট গল্প সংকলন ‘ নানা রঙের গল্প ’ বই প্রকাশ করেন। কৃতী ছাত্র ডা রায় চিকিৎসার ব্যস্ততার ফলে নিয়মিত সমাজসেবামূলক কাজ , মানসিক প্রতিরক্ষী স্কুলের পৃষ্ঠপোষকতা , সাহিত্য চর্চা প্রভৃতি কাজ করে চলেন। এছাড়া একসময়ের দক্ষ প্রেক্টর তথা অ্যোপাস্ত ক্রিকেট প্রেমী হিসেবে জড়িয়ে আছেন স্থানীয় অ্যাকাডেমির সঙ্গে। এই বই ওর নতুন প্রচেষ্টা । অনুষ্ঠানে বিশেষ অতিথিরা শ্রোতাদের জন্য তাঁদের বক্তব্য রাখেন। পরিশেষে ‘আলোয়’ অভিনীত ‘ একুশের গান ’ নাতিক মঞ্চস্থ হয় যা দর্শকদের মনুন্মুগ্ন করে রাখে । এছাড়া বৃণ্দগান এবং আবৃত্তির অনুষ্ঠানও এখানে পরিবেশিত হয়।সমগ্র অনুষ্ঠানটি সৃষ্ট ভাবে সঞ্চালনা করেন দীপক মিত্র ।

বসিরহাটে মাটি বোঝাই ডাম্পার আটকে বিক্ষোভ গ্রামবাসীদের

দুরন্ত বার্তা, বসিরহাট, ৯ এপ্রিল : পিষা পঞ্চায়েতের নলডি রোডের তাজপুরের ঘটনা। বিক্ষোভকারীদের অভিযোগমতায় রক্ত রাস্তা দিয়ে অবৈধভাবে মাটি বোঝাই ডাম্পার দ্রুত গতিতে যায় । সেই মাটি দিয়ে বসিরহাটের মাল্যাবোলা পুকুর ভরাট হচ্ছে । বহু বার গ্রামের মানুষ বারণ করেছে এবং বসিরহাট থানাতেও অভিযোগ করেছে কিন্তু তাতে কোন সুরাহা হয়নি। মঙ্গলবারও ডাম্পার দ্রুত গতিতে যাওয়ার সময় একটি টোটো গাড়িতে ধাক্কা মেরে, ডাম্পারেরে ধাক্কা খেলে টো গাড়িটি ক্ষতিগ্রস্ত হয় । এরপর এলাকার মানুষ ডাম্পার গুলিকে আটকে রেখে বিক্ষোভ দেখায় । তাদের দাবি এইভাবে বেআইনিভাবে মাটির গাড়ি গ্রামের রাস্তা দিয়ে যেন চলে না।



জিজ্ঞাসাবাদ করা হবে। আদালতে ধৃতদের ৬ দিনের পুলিশ হেফাজত হয়। প্রাথমিক পর্যায়ে পাওয়া তথ্য অনুযায়ী মূলত সাট্টা ও অস্ত্র মামলায় এদের নামে অভিযোগ ছিল। যদিও এই অস্ত্র গোণা থেকে কার মাধ্যমে আসত তা তদন্ত করে দেখা হচ্ছে। ধৃতদের বাঁা হাওার দাসনগর থানা এলাকায় উল্লেখ্য, গত ৬ এপ্রিল সন্ধ্যা সাাে সাট্টা নাগাদ গুলি চালানোর ঘটনা ঘটে হাওড়ার লিলুয়ার এন রোড এলাকায়। অষ্ট শ্রী (৪২) নামের এক ব্যক্তিকে গুলি করে বাইকে করে চম্পট য়ে দুকুতীরা। ঘটনায় আহতকে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি করা হয় হাওড়া জেলা হাসপাতালে।

ভ্রমণ

সমুদ্র থেকে পাথর কুড়োলে গুনতে হবে জরিমানা

সুন্দরকে কে না ভালোবাসে! তবে ভ্রমণপিয়াসী বহু মানুষ প্রকৃতির সৌন্দর্যকে কেবল দুচোখ ভরে দেখেই তৃপ্ত হন না। প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে ছবি তোলা বা ভিডিও করা তো চলতেই থাকে, প্রকৃতির খানিকটা তুলে আনার চেষ্টাও করেন কেউ কেউ। সে আপনি গাছের তলা থেকে দুটো ফুল কুড়িয়ে নিতেই পারেন, সমুদ্রতট থেকে মৃত বিনুকের খোল নিলেও ক্ষতি নেই। তাই বলে সমুদ্র সৈকতের পাথর, নুড়ি আর বালি! নৈসর্গিক সৌন্দর্যের জায়গা থেকে বহু মানুষ যদি প্রকৃতির স্বাভাবিক উপাদানগুলো কুড়িয়ে আনেন, তবে সেখানকার প্রাকৃতিক পরিবেশই যে বিপর্যস্ত হয়ে পড়বে।

বিষয়টা একটু ব্যাখ্যা করা যাক। প্রকৃতিতে এমন বহু উপাদান আছে, পরিবেশের ওপর যেসবের ভূমিকা অনেকে উপলব্ধিই করতে পারেন না। আমাদের একবারে নিজস্ব সম্পদ সেন্ট মার্টিন দ্বীপের কথাই ধরা যাক। চমৎকার এই প্রবালদ্বীপের বাস্তবস্ত্র বিচিত্র। প্রবারের ছোট একটা অংশ তো কেবল মামুলি পাথর নয়, একে খিরে টিকে থাকে বিশাল জীববৈচিত্র্য। তেমনিভাবে বালু, পাথর বা নুড়ির মতো জড় পদার্থও পরিবেশের ভারসাম্যের জন্য অপরিহার্য। জনে জনে এসব কুড়িয়ে নিলেই বিপদ। পরিবেশের বাস্তবস্ত্র এসবের ওপরও নির্ভর করে।

স্পেনের অপর সৌন্দর্যময় দ্বীপপুঞ্জ ক্যানারি আইল্যান্ডস। এরই দুটি দ্বীপ লানযারোতে ও ফুয়ের্তেভন্তুরা। লানযারোতে দ্বীপের সৈকতে আছে আগ্নেয়গিরির উপাদান, যা থেকে বছরে প্রায় টনে টনে কুড়িয়ে নিয়ে যান পর্যটকেরা। ফুয়ের্তেভন্তুরার ‘পপকর্ন বিচ’ থেকে প্রতি মাসেই অবিশ্বাস্য পরিমাণে বালু নিয়ে যান ঘুরতে আসা মানুষজন। তাই এই দুই দ্বীপের সমুদ্রসৈকতে বালু, পাথর, নুড়ি কুড়িয়ে নেওয়া থেকে পর্যটকদের বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছে নিউইয়র্ক পোস্ট।

নির্দেশনা অমান্য করলে দিতে হবে জরিমানা। জরিমানা হতে পারে ১২৮ পাউন্ড থেকে ২ হাজার ৫৬৬ পাউন্ড পর্যন্ত। পপকর্ন আকৃতির নুড়ি কুড়িয়ে নিলে জরিমানা হবে ১২৮ থেকে ৫১২ পাউন্ড পর্যন্ত। কতটা কুড়িয়েছেন, তার ওপর নির্ভর করছে জরিমানার অক্ষট কম হবে না বেশি।

টিউলিপ দেখার সবচেয়ে ভালো সময়

এই এপ্রিল, যেতে পারেন আপনিও



ভূস্বর্ণখ্যাত কাশ্মীর যাওয়ার ইচ্ছা অনেক দিনের। কিছুদিন আগেই কাশ্মীর ঘুরে আসা আরেক সহকর্মী বুদ্ধি দিলেন, দুজনে চলে যাওয়ার জন্য। সেভাবেই পরিকল্পনা করলাম। এশিয়ার সবচেয়ে বড় টিউলিপ ফুলের বাগান ইন্দিরা গান্ধী মেমোরিয়াল টিউলিপ গার্ডেন। ইন্টারনেট ঘাঁটাঘাটি করে দেখলাম, টিউলিপ দেখার সবচেয়ে ভালো সময় এপ্রিল। রমজান মাস হলেও এপ্রিলেই কাশ্মীর যাওয়ার সিদ্ধান্ত নিই। দিল্লি হয়ে শ্রীনগরের ফ্লাইট। এয়ারপোর্ট থেকে বের হওয়ার পথে



ও ড্রাইভার। বাস্পপেটরা উঠিয়ে আমরা ছুটলাম ইন্দিরা গান্ধী মেমোরিয়াল টিউলিপ গার্ডেনে। শ্রীনগর বিমানবন্দর থেকে বাগানের দূরত্ব ১৮ কিলোমিটার। শ্রীনগরের ডালকেল লাগোয়া এই বাগান। গার্ডেনে ঢুকতেই রথনুর মতো নানা রঙের টিউলিপ চোখে পড়ল। নানা ধরনের ঝরনা আর খানিক

রেখার রোমান্দে এখনো বৃন্দ সিনেমাশ্রেমীরা।

যদিও আমস্টারডামে এই গানের স্মৃটিং হয়েছিল। পাহাড়যেরা এই বাগানের হাঁটাপথের দুই পাশে টিউলিপের বাগান। লাল, কমলা, হলুদ, গোলাপি, বেগুনি, সাদা, কালোসহ নানা রং ও জাতের টিউলিপ ফুটে আছে। দর্শনাধীরা যেন ফুল হিঁচড়ে



তবে বিমানবন্দরে পর্যটকদের কাছে এ ধরনের উপাদান পাওয়া গেলে অধিকাংশ ক্ষেত্রেই অবশ্য এটা প্রমাণ করার সুযোগ থাকে না যে কুড়িয়ে নেওয়া জিনিসটি সংরক্ষিত অঞ্চল থেকেই সংগ্রহ করা হয়েছে কি না।

ক্যানারি আইল্যান্ডের সর্ববৃহৎ দ্বীপ তেনেরিফ। স্পেনের উচ্চতম পর্বত মাউন্ট তেইদির অবস্থান এই দ্বীপেই। সম্প্রতি ভয়াবহ খরার কারণে জলজনিত জরুরি পরিস্থিতির সম্মুখীন হয়েছে তেনেরিফ। সেখানে এমন হোটেলও আছে, যার কেবল একজন পর্যটকের জন্য একজন স্থানীয় অধিবাসীর চেয়ে চার গুণ বেশি জল খরচ হয়। স্থানীয় অধিবাসীর সংখ্যা ১০ লাখের কম। অত্যাঁ গত বছর সেখানে ৫০ লাখের বেশি পর্যটক গেছেন। তাই পরিবেশ বিশেষজ্ঞরা মারাত্মক বিপর্যয়ের আশঙ্কা করছেন। এরই মধ্যে তেনেরিফে বাগান

এবং পুলের জন্য খাওয়ার জল ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। আমরা অনেকে সৌন্দর্যের টানে কোথাও ঘুরতে গিয়ে প্রকৃতিকে ধ্বংসের মুখে ঠেলে দিই। অনেক বছর আগের তেমন দুটি চিত্র আজও মনে পড়ে আমার। ২০০৯ সালে সেন্ট মার্টিনের সমুদ্রতটে লক্ষ করি, ছোট এক প্রবাল পাথর ব্যাগে ঢুকিয়ে নিচ্ছেন এক ব্যক্তি। নিষেধ করেছিলাম তাঁকে, কিন্তু বুঝিয়ে বলতে পারিনি বিষয়টার গুরুত্ব। আবার এ দেশে এমন অনেকেই আছেন, যারা নিসর্গের কোলে ফেলে আসেন অপচর্মানশীল বর্জ্য। ২০১৮ সালে নিজ চোখে দেখা সুনামগঞ্জের জলাশয়ে বিভীষিকার মতো ভেসে থাকা বর্জ্যের ছবিটা হয়তো মনে থাকবে বহু বছর। আইনের সহায়তায় এবং ভবিষ্যতে প্রয়োজন হলে আরও নানান উপায় অবলম্বন করে ক্যানারি আইল্যান্ডস হয়তো রক্ষা পেয়ে যাবে।

ভোট

সচেতনতা

শিবিরে বিডিও

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

শিলিগুড়ির বিভিন্ন বাজার। আজ

বিকলে শিলিগুড়ির মহাবিহস্থান

বিধান মার্কেটসহ বিভিন্ন বাজার

গুলিতে দেখা গেল সেই ছবি।

অনেকেই কেনাকাটা করতে বেরিয়ে

পড়েছেন। কাপড়ের দোকানের সাথে

সাথে দর্শকরা ভান্ডার গুলিতে

ফ্রেতার ভিড় জমাচ্ছেন। কারণ আজ

থেকেই নবরাত্রি শুরু হচ্ছে, সামনেই

রয়েছে বাসন্তী পুজো। নবরাত্রি ও

বাসন্তী পুজোর বিভিন্ন পুজোর সামগ্রিক

কিনতে ভিড় জমাচ্ছেন ফ্রেতার।

আজ থেকে

শুরু নবরাত্রি

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

শিলিগুড়ির বিভিন্ন বাজার। আজ

বিকলে শিলিগুড়ির মহাবিহস্থান

বিধান মার্কেটসহ বিভিন্ন বাজার

গুলিতে দেখা গেল সেই ছবি।

অনেকেই কেনাকাটা করতে বেরিয়ে

পড়েছেন। কাপড়ের দোকানের সাথে

সাথে দর্শকরা ভান্ডার গুলিতে

ফ্রেতার ভিড় জমাচ্ছেন। কারণ আজ

থেকেই নবরাত্রি শুরু হচ্ছে, সামনেই

রয়েছে বাসন্তী পুজো। নবরাত্রি ও

বাসন্তী পুজোর বিভিন্ন পুজোর সামগ্রিক

কিনতে ভিড় জমাচ্ছেন ফ্রেতার।

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

শিলিগুড়ির বিভিন্ন বাজার। আজ

বিকলে শিলিগুড়ির মহাবিহস্থান

বিধান মার্কেটসহ বিভিন্ন বাজার

গুলিতে দেখা গেল সেই ছবি।

অনেকেই কেনাকাটা করতে বেরিয়ে

পড়েছেন। কাপড়ের দোকানের সাথে

সাথে দর্শকরা ভান্ডার গুলিতে

ফ্রেতার ভিড় জমাচ্ছেন। কারণ আজ

থেকেই নবরাত্রি শুরু হচ্ছে, সামনেই

রয়েছে বাসন্তী পুজো। নবরাত্রি ও

বাসন্তী পুজোর বিভিন্ন পুজোর সামগ্রিক

কিনতে ভিড় জমাচ্ছেন ফ্রেতার।

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

শিলিগুড়ির বিভিন্ন বাজার। আজ

বিকলে শিলিগুড়ির মহাবিহস্থান

বিধান মার্কেটসহ বিভিন্ন বাজার

গুলিতে দেখা গেল সেই ছবি।

অনেকেই কেনাকাটা করতে বেরিয়ে

পড়েছেন। কাপড়ের দোকানের সাথে

সাথে দর্শকরা ভান্ডার গুলিতে

ফ্রেতার ভিড় জমাচ্ছেন। কারণ আজ

থেকেই নবরাত্রি শুরু হচ্ছে, সামনেই

রয়েছে বাসন্তী পুজো। নবরাত্রি ও

বাসন্তী পুজোর বিভিন্ন পুজোর সামগ্রিক

কিনতে ভিড় জমাচ্ছেন ফ্রেতার।

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

শিলিগুড়ির বিভিন্ন বাজার। আজ

বিকলে শিলিগুড়ির মহাবিহস্থান

বিধান মার্কেটসহ বিভিন্ন বাজার

গুলিতে দেখা গেল সেই ছবি।

অনেকেই কেনাকাটা করতে বেরিয়ে

পড়েছেন। কাপড়ের দোকানের সাথে

সাথে দর্শকরা ভান্ডার গুলিতে

ফ্রেতার ভিড় জমাচ্ছেন। কারণ আজ

থেকেই নবরাত্রি শুরু হচ্ছে, সামনেই

রয়েছে বাসন্তী পুজো। নবরাত্রি ও

বাসন্তী পুজোর বিভিন্ন পুজোর সামগ্রিক

কিনতে ভিড় জমাচ্ছেন ফ্রেতার।

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ এপ্রিলঃ

সামনে রয়েছে পহেলা বৈশাখ,

তারপরে রামনবমী, আবার আজ

থেকে নবরাত্রি শুরু। জমে উঠেছে

Name Change
I SUPARNA KAR CHOWDHURY, WIFE OF INDRANIL KAR CHOWDHURY, RESIDING AT 10/11P ATAL SUR ROAD, TANGRA, KOLKATA - 700015, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHALL HENCEFORTH THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024. THAT SUPARNA KAR CHOWDHURY AND SUPARNA PAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I CHANDAN THAKUR, S/O- BADAN CHANDRA THAKUR R/O- 446, PARNASREE PALLY, PS-PARNASREE KOLKATA-700060, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDAN KUMAR THAKUR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT CHANDAN THAKUR AND CHANDAN KUMAR THAKUR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I PANKAJ GAIN, S/O CHARU CHANDRA GAIN, R/O SARADA SARANI, HRIDAYPUR WEST, PS BARASAT NORTH 24 PARGANAS, PIN-700127, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS PANKAJ KUMAR GAIN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT BARASAT ON 02/04/2024, THAT PANKAJ GAIN AND PANKAJ KUMAR GAIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I DEBANGSHU CHAUDHURY, S/O- RAMA PRASAD CHAUDHURY, R/O- VIVEKANANDA ROAD, PO-NABANAGAR, BARRACKPORE, PIN- 741316, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS DEBANSHU CHAUDHURI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT DEBANGSHU CHAUDHURY AND DEBANSHU CHAUDHURI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SANJOY BANDYOPADHYAY, S/O LATE JIBITOSH BANDYOPADHYAY, R/O 385, G T ROAD, B GARDEN, SHIBPUR, HOWRAH -711103, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SANJOY KUMAR BANDY- OPADHYAY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT SANJOY KUMAR BANDY- OPADHYAY AND SANJOY BANDY- OPADHYAY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I CHANDAN KUMAR DAS, SON OF GADADHAR DAS, RESIDING AT VILL & PO-SARIDASPUR, PS-PATASH- PUR, DIST-EAST MEDINIPUR- 721434, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDAN DAS VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 13/02/2024. THAT CHANDAN KUMAR DAS AND CHANDAN DAS BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I CHANDAN, SON OF GOBIND SAMAL, RESIDING AT VILL-DURGAPUR, PO-SAGARESWAR, PS-RAMNAGAR, EAST MEDINIPUR- 721446, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDAN SAMAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024. THAT CHANDAN AND CHANDAN SAMAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I CHANDAN THAKUR, S/O- BADAN CHANDRA THAKUR R/O- 446, PARNASREE PALLY, PS-PARNASREE KOLKATA-700060, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDAN KUMAR THAKUR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT CHANDAN THAKUR AND CHANDAN KUMAR THAKUR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SAIFUDDIN SEK AND SK SAIFUDDIN, SON OF LATE- SK SOLEMAN, RESIDING AT VILL-ASWATHAPUR, PO-ASWATHAPUR, PS-RAMNAGAR, DIST-EAST MEDINIPUR, PIN-721446, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SAIFUDDIN SHEIKH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024. THAT SAIFUDDIN SEK AND SK SAIFUDDIN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I PARAMITA BHATTACHARYYA, W/O- SHIB SHANKAR BHATTACHARYYA, R/O- 74, S K DEB ROAD, SOUTH DUM- DUNDREEBH, PS-LAKE TOWN, NORTH 24 PARGANAS, PIN-700048, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS PARAMITA SAHA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT PARAMITA BHAT- TACHARYYA AND PARAMITA SAHA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SUPURNA SEN, W/O AYAN BISWAS, R/O 114B, SELIMPUR ROAD, FLAT NO 1/2, PO DHAKURGA, KOLKATA- 700031, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUPURNA SEN BISWAS, VDIIE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT SUPURNA SEN AND SUPURNA SEN BISWAS ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ZIA AHAMAD SHEIKH, S/O- SK NOOR MOHAMMAD, R/O- VILL-KHA- JUTTY, P.O-KHAJUTTY, HOWRAH, PIN- 711303, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK JIA AHAMED, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT ZIA AHAMAD SHEIKH AND SK JIA AHAMED ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি জয়ন্ত মজুমদার (old name) পিতা স্বর্গীয় রজন মন্ডল চিকানা গ্রাম- রাজপুর, পোস্ট অফিস- বেরোদা, থানা-মোগারহাট, ডায়মন্ড হারবার, পিনকোড- 743609, পশ্চিমবঙ্গ, ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ডায়মন্ড হারবার কোর্টের দ্বারা জয়ন্ত কুমার মজুমদার (new name) নামে পরিচিতি হওয়া। Affidavit Si No. 5697 dated 22/02/2024। জয়ন্ত মন্ডল (old name) এবং জয়ন্ত কুমার মন্ডল (new name) একই ব্যক্তি।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের দ্বারা ২০২৬-২৪

অর্থবর্ষে ট্রাক নবীকরণ কাজের লক্ষ্য অতিক্রম



মালিগাঁও, ৯ এপ্রিলঃ উপযুক্ত পরিস্থিতিতে রেলওয়ে ট্রাকের রক্ষাবেক্ষণ এবং রেল যাত্রী ও স্টেক হোল্ডারদের সুরক্ষিত পরিবহণ ও আরামদায়ক ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে চলমান সুরক্ষা কার্য পরিকল্পনা ও কাজের অংশ হিসেবে ২০২৬-২৪ অর্থবর্ষে একাধিক ট্রাক নবীকরণের কাজ গ্রহণ করা হয়েছে। বিগত অর্থবর্ষের নির্ধারিত বার্ষিক লক্ষ্য অতিক্রম করেছে এই ট্রাক নবীকরণের কাজ, যার ফলে এই জোনের দ্বারা উল্লেখযোগ্য কর্ম নির্দশন চিহ্নিত করা হয়েছে।

চলমান সুরক্ষা কার্য পরিকল্পনা ও কাজের অংশ হিসেবে ২০২৬-২৪ অর্থবর্ষে ২৫৭.৯৮ টিকেএম গ্রুপ রেল নবীকরণ, ২১০.৭১ টিকেএম গ্রুপ সিগ্নার নবীকরণ এবং ২৬৪.১৬ সিটিআর ইউনিট সম্পূর্ণ ট্রাক নবীকরণ কাজ সম্পূর্ণ করা হয়েছে। এছাড়াও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ব্যালাস্টিং কাজের অগ্রগতির ক্ষেত্রে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৫ লক্ষ কিউবিক মিটারের বিপরীতে ৭.২৭ লক্ষ কিউবিক মিটার অর্জন করেছে, যা এখনও পর্যন্ত সর্বোচ্চ অগ্রগতি হিসেবে চিহ্নিত হয়েছে এবং বিগত বছরের ৬.৩৪ লক্ষ কিউবিক

মিটার অগ্রগতিক অতিক্রম করেছে।

অতিরিক্তভাবে, ২০২২-২৩-এর অগ্রগতি ৩৫টির তুলনায় ১৩৪টি খিক ওয়েব সূঁচ স্থাপন করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে ২০২৬-২৪ অর্থবর্ষে পথ সুরক্ষা কাজের অংশ হিসেবে পথ এবং রেল ব্যবহারকারীদের চলাচল সহজ করার জন্য ১১টি কর্মীযুক্ত লেভেল ক্রসিং অপসারণ করার পাশাপাশি ২০টি রোড ওভার ব্রিজ (আরওবি) এবং ৪৮টি রোড আন্ডার ব্রিজ (আরইউবি) চালু করা হয়েছে। এছাড়াও, ২০২৪-এর মার্চ মাস পর্যন্ত ১১৮-২০ কিমি লুপ লাইনের উপর সর্বোচ্চ গতির সীমা প্রতি ঘণ্টায় ৬০ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং ৮০৬.৫ কিমি-এর সেকশনাল গতি প্রতি ঘণ্টায় ১১০ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সেকশনাল গতি ৪২ শতাংশের অগ্রগতি চিহ্নিত করেছে। এছাড়াও, বর্ষাকালে বন্যার সমস্যা

নিরসন করতে ৯টি অতিরিক্ত ওয়াটারগুয়ে নির্মাণ করা হয়েছে। রেলওয়ে ব্রিজ পর্যবেক্ষণ করার জন্য স্ট্রাকচারাল হেল্থ মনিটরিং, ৬ডি স্ক্যানিং অব রিভার বেড, আরওআরটি (রিমোট অ্যাসেসমেন্ট রোবোটিক ডেভিক্যাল) দ্বারা জলের নীচে রেলিংগ, স্ক্রোর মনিটরিং ও ওয়াটার লেভেল মনিটরিং-এর মতো আধুনিক পর্যবেক্ষণ কৌশল চালু করা হয়েছে। নিয়মিত বিবর্তিতে ট্রাকের রক্ষাবেক্ষণ করার ফলে ট্রেনের সুগম পরিচালনা সম্ভব হয়েছে এবং যাত্রীদের উন্নতমানের ভ্রমণ অভিজ্ঞতাও প্রদান করা হচ্ছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ইঞ্জিনিয়ারিং ব্যবস্থার উপর বর্ধিত গুরুত্ব প্রদান করার ফলে গতি বৃদ্ধি ও উন্নত ভ্রমণ অভিজ্ঞতার পাশাপাশি ট্রেনের নিরাপদ চলাচলও সম্ভব হয়েছে।

বিজেপি প্রার্থীর

বিরুদ্ধে নির্বাচনী

বিধি ভঙ্গের

অভিযোগ

দুরন্ত বার্তা, বর্ধমান, ৯ এপ্রিল ঃ

বর্ধমান পূর্বের লোকসভা বিজেপি প্রার্থী অসীম সরকারের বক্তব্যের বিরোধিতা করে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ তুলে নির্বাচন কমিশন ও জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের কাছে লিখিত অভিযোগ জানানো হল পূর্ব বর্ধমান জেলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে। সেই অভিযোগের

গোটা ভারতবর্ষের মানুষ জানেন মমতা বানার্জি তার জীবন উৎসর্গ

করেছেন মানুষের কল্যাণে। তিনি

একজন অবিরহিত। অসীম সরকার

প্রকাশ্য জনসভায় মমতা

বন্দ্যোপাধ্যায়ের স্বামীর নাম জানতে

চেয়ে অবমাননা করেছেন। শুধু তাই

নয় অসীম সরকার বক্তব্যের মধ্যে

বলেছেন কেউ যদি মমতা বানার্জির

স্বামীর নাম বলতে পারেন তাকে

ময়নাগুড়ি ব্লকের বার্নিশে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে বৃহনল্লারা

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৯ এপ্রিল : জলপাইগুড়ির বৃহল্লা আস্থা ওয়েলফেয়ার অ্যাসোসিয়নের পক্ষ থেকে ময়নাগুড়ির বার্নিশ, পুটিমাড়ি, এলাকায় ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ালেন। বৃহল্লারা প্রায় শতাধিক পরিবারের হাতে মশারি, সাবান, মাদুর সহ বিভিন্ন সামগ্রী তুলে দিলেন। সংগঠনের সদস্যা পিপাসা হিজরে বলেন এই ধরনের সমাজসেবামূলক কাজ আমরা সবসময় করে থাকি, করোনা কালেও করেছি। সেই সঙ্গে প্রাকৃতিক বিপর্যয় সহ কোনো মহামারী দেখা দিলে আমরা সেখানেই পৌঁছে যাই। তিনি আরো জানান করোনা কালে যেসব পরিবার কাজ খুঁয়েছেন তাদের পরিবারের ছেলেমেয়েদের পড়াশোনার দায়িত্ব নিয়েছেন তারা। তারা সর্বসাধারণের কাছে অনুরোধ রাখে প্রতিটি মানুষ যদি এইভাবে এই দুর্গত এলাকায় পরিবার গুলির পাশে দাঁড়ায় তাহলে আগামী দিনে এই পরিবার গুলি খুব তাড়াতাড়ি স্বাভাবিক ছন্দে ফিরতে পারবে বলে মনে করেন। অন্যদিকে এলাকার বাসিন্দারা এই ধরনের ত্রাণ পেয়ে খুবই খুশি, তারা বলেন একেই তারা ভিক্ষা করে রোজগার করেন তারপর আমাদের সাহায্য তুলে দিলেন এতে বলাবি কিছুই থাকেনা। তাদের এই চিন্তা ভাবনাকে আমরা সাধুবাদ জানাই।

জলপাইগুড়িতে হাসপাতালের ওয়ার্ডে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৯ এপ্রিল : জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের অধীন সুপার স্পেশালিটি হাসপাতালের ওয়ার্ডের ভেতর শৌচাগারে এক পুরুষের মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় মঙ্গলবার। ঘটনাস্থলে পুলিশ এবং দমকল। নাম পরিয় এখানে জানা যায়নি। মৃতদেহ শনাক্ত করার কাজ শুরু করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য হাসপাতাল জুড়েই। আজ সকালে দুর্ঘট ঘবোতে দেখে সন্দেহ হয় হাসপাতালে ভর্তি থাকা রোগী এবং আত্মীয় পরিজন সহ কর্মীদের। তারপরে পুলিশ এবং দমকলকে খবর দেওয়া হলে পুলিশ এসে ঘটনার তদন্ত শুরু করেছে। যদিও হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে কোনো প্রতিক্রিয়া মেনেন।

জলপাইগুড়িতে মহিলা কংগ্রেসের সভায় লক্ষ্মীভান্ডারকে হাতিয়ার করেই ভোটপ্রচার

দূরন্ত বার্তা, রাজগঞ্জ, ৯ এপ্রিল : ওরা বলে তৃণমূল চোর তৃণমূল চোর। ওরা তো আরো বড় চোর। বিজেপি কে নিশানা রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়ের। এবারে আমাদের প্রাণী বিপুল ভোটের জমী হবে। জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রাণী নির্মল চন্দ্র রায়ের সমর্থনে সদর আসামমো। এলাকায় অনুষ্ঠিত হয়। বিজেপি সাংসদ জয়ন্ত কুমার রায় কোন উন্নয়নই করেনি, কেউ তাকে দেখেও নি। তবে মুখ্যমন্ত্রীর লক্ষ্মীভাণ্ডার সকল মহিলাই পেয়েছেন। জলপাইগুড়িতে মহিলা কংগ্রেসের সভায় লক্ষ্মীভান্ডারকে হাতিয়ার করেই ভোটপ্রচার। সার ২ মহিলা তৃণমূল কংগ্রেসের তরফে সোমবার সন্ধ্যার পর জলপাইগুড়ি আসামমো। এলাকায় তৃণমূল নেতা নিতাই কর এর উদ্যোগে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। এদিন এই আলোচনা সভায় তৃণমূল কবী সমর্থকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মত। জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রাণী নির্মল চন্দ্র রায়ের সমর্থনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বিধায়ক খগেশ্বর রায় অভিযোগ করে বলেন গত ৫ বছর বিজেপি সাংসদ তথা প্রাণী জয়ন্ত কুমার রায় কোন উন্নয়নই করেনি। দেখেও নি কেউ। কি করেছেন জবাব দিতে হবে। লক্ষ্মী ভান্ডার, ১০০ দিনের টাকা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রচেষ্টায় সাধারণ মানুষ পাচ্ছেন। সুতরাং এবার তৃণমূল কংগ্রেস বিপুল ভোটের জমী হবে বলে আশাবাদী তারা।

হাটে বাজারেও জমজমাট ভোট প্রচার করছেন বিজেপি প্রাণী

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৯ এপ্রিল : হাটে বাজারেও জমজমাট ভোট প্রচার করছেন বিজেপি প্রাণী ডাঃ জয়ন্তকুমার রায়। মঙ্গলবার জলপাইগুড়ির দিনবাজারের সবজি ও মাছের বাজারে এসে মানুষের কাছে ভোট প্রার্থনা করলেন জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বিজেপি প্রাণী তথা সংসদ জয়ন্তকুমার। দুদিন আগেই খুণগুড়িতে লক্ষাধিক মানুষের সমাগমে প্রচারে এসে দলের কর্মীদের মধ্যে অক্লিষ্টে জুগিয়ে গেছেনআরমন্ত্রী নরেন্দ্র মোদি। এরপর থেকে নতুন উদমে প্রচারের কাজ শুরু করেছেন বিজেপি প্রাণী জয়ন্তকুমার সহ দলের নেতা কর্মিরা। মঙ্গলবার জলপাইগুড়ির দিনবাজার, স্টেশন বাজার, বৌবাজার, সমাজপাড়া, বেগুনটারি, মহামায়াপাড়া সহ বিভিন্ন এলাকায় জমজমাট প্রচার করেন বিজেপি প্রাণী ও সাংসদ জয়ন্তকুমার। সকাল থেকে হেঁটে হেঁটে ভোট প্রচার চলিয়েছেন প্রাণী সহ বিজেপি নেতা কর্মিরা। তাদের সকলের মধ্যেই ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়।

তৃণমূল কর্মীর গাড়িতে হামলার অভিযোগ বিজেপির বিরুদ্ধে

দূরন্ত বার্তা, কোচবিহার, ৯ এপ্রিল : দিনহাটার নাজিরহাট গ্রাম পঞ্চায়েত এলাকায় নির্বাচনী প্রচার থেকে দিনহাটা ফেরার পথে তৃণমূল কর্মীর গাড়িতে হামলার অভিযোগ বিজেপির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে দিনহাটার নোটা ফেলা এলাকায়। দিনহাটা দুই নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেসের সভাপতি দীপক কুমার ভট্টাচার্য অভিযোগ করে বলেন, নাজিরহাট গ্রাম পঞ্চায়েত এলাকার শালমারা এলাকায় তৃণমূল কংগ্রেসের নির্বাচনী প্রচার করে তিনি এবং তার সঙ্গে তৃণমূল কংগ্রেসের বেশ কয়েকজন কর্মী কয়েকটি গাড়িতে দিনহাটা ছিল। সেই সময় নোটাফেলা এলাকায় বিজেপির দৃক্ভর্তীরা হাঁাং করে তাদের উপর হামলা চালায়। ব্লক সভাপতির গাড়িতে হামলা চালাতে না পেরে তার পিছনে থাকা তৃণমূল কর্মীদের গাড়িটি থামিয়ে তাদের ভাঙচুর চালায়।

জেলার সীমান্ত হিলিতে নির্বাচনী প্রচার ও জনসভা বিপ্লব মিএর

দূরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ৯ এপ্রিল : গ্রীষ্মের দাবদহ ও সূর্যের প্রখর তাপকে উপেক্ষা করে বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের মনোনীত প্রাণী তথা রাজ্য ক্রোতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী ও জেলার ভূমিপুত্র বিপ্লব মিত্র মঙ্গলবার দুপুরে দক্ষিণ দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ অধ্যুতি সীমান্ত লাঘোয়া হিলিতে তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের নিয়ে একটি নির্বাচনী প্রচার ও জনসভা করলেন। ঐ জনসভা থেকে বাংলার প্রতি বিজেপির বঞ্চনার প্রতিবাদ জানিয়ে কার্যত বিজেপিকে এক হাত নিলেন প্রাণী বিপ্লব মিত্র। এর পাশাপাশি তিনি পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন প্রকল্পের কথা তুলে ধরেন এই নির্বাচনী প্রচার ও জনসভায়। লোকসভা নির্বাচনের প্রচার ও জনসভা দক্ষিণ দিনাজপুর জেলা জুড়ে বিভিন্ন প্রান্তে ইতিমধ্যে শুরু হয়ে গেছে। শাসক ও বিরোধীদল একে অপরকেএক ইঞ্চি ও জমি ছাড়তে নারাজ। তার আরো মঙ্গলবার দুপুরে জেলার ভারত বাংলাদেশ সীমান্ত লাঘোয়া হিলিতে লোকসভা নির্বাচনের পূর্বে জেলার ভূমিপুত্র তথা বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রাণী ও রাজ্যের ক্রোতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্রের নির্বাচনী প্রচার ও জনসভায় এইদিন প্রত্যেকের উপস্থিতি ছিল যথেষ্ট লক্ষণীয়।

রাজ্যের পাশাপাশি মুর্শিদাবাদে তৃণমূলের জনমুখী প্রকল্পই কি বিরোধীদের পথে কাঁটা !

দূরন্তবার্তা, মুর্শিদাবাদ, ৯ এপ্রিল : এবারের নির্বাচনে তৃণমূলের তুফানের তাস হয়ে ওঠেছে লক্ষ্মীর ভান্ডার। শহর থেকে গ্রাম প্রায় সর্বত্রই বিশেষ করে মহিলাদের প্রভাবিত করেছে লক্ষ্মীর ভান্ডার। তার উপর মুখ্যমন্ত্রী যোগেশা এ বার সেই বরাদ্দ ৫০০ থেকে বেড়ে হচ্ছে এক হাজার। লোকসভার ভোটের আগে এই যোগা তৃণমূলকে কিছুটা অ্যাডভান্টেজ দেবে বলেই রাজনৈতিক মহলের ধারণা।পাশাপাশি একশো দিনের কাজের বকেয়া টাকা কেন্দ্র না দিলে রাজ্য সরকারই সেই টাকা দেবে বলে তৃণমূলের তরফে প্রতিশ্রুতিও এবারের নির্বাচনে গুরুত্বপূর্ণ ইস্যু হয়ে উঠেছে। রাজ্যের শাসক দল তৃণমূলের এই সমস্ত সামাজিক প্রকল্পের দাপটে বিরোধী দলগুলির তোলা দুর্নীতি ও বেকারত্বের মতো ইস্যু কার্যত কিছুটা কোণঠাসা। এমনটাই মনে করছে রাজনৈতিক মহল।লক্ষ্মীর ভান্ডার-ভোটের আগে লক্ষ্মীর ভান্ডারের টাকা বাড়িয়ে দ্বিগুণ করা হয়েছে। ফলে মহিলারা আরও বেশি তৃণমূলের দিকে ঝুকেছেন বলে মনে করছে রাজনৈতিক মহল। অনেকে ক্ষেত্রেই দেখা যাচ্ছে এই টাকা শুধু মহিলাদের হাত খরচের মধ্যেই সীমাবদ্ধ থাকছে না। সংসার চালানের ক্ষেত্রেও তা গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। এমন দাবি তৃণমূলেরা। দেখা গিয়েছে, কোনও কোনও পরিবারে মা, মেয়ে ও বৌমা মিলিয়ে তিন থেকে চারজন এই টাকা পাচ্ছেন। সেই টাকায় সংসার খরচের অনেকটাই সমাল দিচ্ছেন তাঁরা। যে কারণে তারা ভোটের হেরে গেলে এই টাকা বন্ধ হয়ে যাবে বলে শাসক দলের তরফে যে প্রচার করা হচ্ছে তা অনেককেই প্রভাবিত করছে। তৃণমূলের হারে এই টাকা বন্ধ হয়ে যাওয়ার ভয় থেকেই মহিলারা তাদের ভোট দেবে, দাবি তৃণমূল নেতৃত্বের। সেই সভাবনার কথা মানছে বিরোধী দল গুলিও।যদিও এর পল্টা বিজেপির তরফে আরও বেশি টাকা ও বামেদের পক্ষ থেকে কর্মসংস্থানের কথা বলা হলেও তা বিশেষ কাজে আসছে না বলে মনে করছেন অনেকেই। তৃণমূলের লক্ষ্মীর ভান্ডার প্রকল্প তাই বিরোধীদের কাছে মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। জেলা তৃণমূলের এক নেতার দাবি, সাধারণ দরিদ্র মানুষের জীবনে দুর্নীতির কোনও সরাসরি প্রভাব পড়ে না। বরং লক্ষ্মীর ভান্ডারের টাকা তাদের জীবনে সরাসরি প্রভাব ফেলে।একশো দিনের কাজের প্রকল্প ভোটের অনেক আগে থেকেই কেন্দ্রের টাকা না দেওয়া নিয়ে সর্বত্র হয়েছে তৃণমূল। বিজেপিও এই প্রকল্পে তৃণমূলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে সর্বত্র হয়েছে। পাশাপাশি তৃণমূলের দুর্নীতি আর কেন্দ্রের টাকা দেওয়া বন্ধ করার বিষয়টি সামনে এনে দরিদ্র মানুষকে বঞ্চনা করার অভিযোগ তুলে বিজেপির বিরুদ্ধে সর্বত্র হয়েছে বাম এবং কংগ্রেস। একদিকে বিজেপি ও অন্যদিকে বাম-কংগ্রেস এই ত্রিফলা আক্রমণে অনেকটাই যেন বেসামাল তৃণমূল। মজুরির টাকা না পেয়ে জব কার্ড থাকা শ্রমিকদের মধ্যে অসন্তোষ রয়েছে। ভোটের আগে সেই শ্রমিকদের বকেটা মজুরি মিটিয়ে দেওয়ার পাশাপাশি বছরে ন্যূনতম ৫০ দিনের কাজ নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের

ঝাড়গ্রামে উন্নয়নের আশ্বাস দিয়ে ভোটপ্রচারে বিজেপি প্রাণী প্রণত টুডু

ঝাড়গ্রাম, ৯ এপ্রিল : কেন্দ্রীয় বিধানসভা এলাকার বিভিন্ন গ্রামে ভোট প্রচার করেন তিনি। এদিন ঝা।গ্রাম ব্লকের চুবকা এলাকায় ভোট প্রচার করার সময় সিপিআইএম ছেড়ে কুড়িটি পরিবার বিজেপিতে যোগদান করেন বলে দাবি বিজেপির। তাদের হাতে দলীয় পতাকা তুলে দেন ঝা।গ্রাম জেলা বিজেপির সভাপতি তৃকান মাহাতো ও চিকিৎসক প্রাণী প্রণত টুডু। সিপিআইএম ছেড়ে আসা নেতাকর্মীরা জানিয়েছেন, সিপিআইএম অতি সংকটে চলে গেছে। তাই আমরা কেন্দ্রীয় সরকারের উন্নয়নে সামিল হওয়ার জন্য সিপিএইএম ছেড়ে বিজেপিতে যোগদান করলাম। পরে চুবকা অঞ্চলের মারকন্দপুর এলাকার রাস্তা নির্মানের কাজে হাত লাগান

মুর্শিদাবাদে শ্বশুরবাড়িতে কলেজ ছাত্রীর রহস্যমৃত্যু, খুনের অভিযোগ দায়ের

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৯ এপ্রিল : মুর্শিদাবাদে এক ছাত্রীর রহস্যমৃত্যু হলে শ্বশুরবাড়িতে, খুনের অভিযোগ দায়ের করেছে মৃতার পরিবারের সদস্যরা। মুর্শিদাবাদের জিয়াগঞ্জে এক কলেজ ছাত্রীকে খুনের অভিযোগ দায়ের হয়েছে শ্বশুরবাড়ির বিরুদ্ধে। জানা গেছে, মঙ্গলবার জিয়াগঞ্জ থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। উল্লেখ্য, প্রায় বছর চারেক আগে জিয়াগঞ্জ থানার মুকন্দবাগ গ্রাম পঞ্চায়তেরের আমিনাবাজার এলাকায় বিয়ে হয় সাগরদীপী থানার দস্তরহাট গ্রামের রুকসেনা খাতুনের (১৯)। জানা

আরামবাগে মাটি পাচারের অভিযোগ তৃণমূলের প্রাক্তন বিধায়কের ছেলের বিরুদ্ধে

দূরন্ত বার্তা, আরামবাগ, ৯ এপ্রিল : মাটি পাচারের অভিযোগ উঠল আরামবাগ ব্লকের তৃণমূলের প্রাক্তন বিধায়ক তথা জেলা পরিষদের সহ সভাপতিপতি কৃষ্ণচন্দ্র সাঁতারার ছেলে পিনাকী সাঁতারার নাম মাটি পাচারের সঙ্গে জড়িয়ে থাকাটির যত্ন ও ছ’টি ট্রাক্টর আটকে বিক্ষোভ দেখান আরামবাগের বৃন্ডি এলাকার মনুষ্য। খবর পেয়ে পুলিশ গিয়ে সেগুলি আটক করে থানায় নিয়ে আসে। ঘটনায় কেউ গ্রেপ্তার হয়নি।

আরামবাগ বিধানসভার প্রাক্তন তৃণমূল বিধায়ক তথা বর্তমানে হুগলি জেলা পরিষদের সহ সভাপতিপতি কৃষ্ণচন্দ্র সাঁতারার ছেলে পিনাকী সাঁতারার নাম মাটি পাচারের সঙ্গে জড়িয়ে থাকাটির রাজনৈতিক তরজা শুরু হয়েছে। পুলিশ জানিয়েছে, কোনও অভিযোগ দায়ের হয়নি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। পিনাকী বলেন, ‘ কয়েক জনের কাছ থেকে পুকুরটি লিজে নিয়েছিলাম। মাছ চাষ করার জন্য। বন্যা কবলিত বলে পুকুরের পান্য বাঁধানোর কথা ছিল। তারাপিঠে পুজো দিতে এসেছি। এই সুযোগে



বোআইনি ভাবে পিনাকীর মদতে মাটি পাচার হচ্ছিল। রাতে মাটি পাচারের সঙ্গে যাতোনাতে ধরে ফেলেন এলাকার মানুষ। ৬টি ট্রাক্টর ও একটি পুলিশ আটকে আরামবাগ থানার মৌশনিক খবর দেন গ্রামবাসীরা। ঘটনাস্থলে মাটি বোবাই ট্রাক্টর ফেলে স্পন্ট দেয় চালকরা। এই ঘটনায় ক্ষোভে ফেটে পড়েন এলাকার মানুষজন। স্থানীয় বাসিন্দা শেখ জিগরিয়া হোসেন বলেন, ‘ প্রাক্তন বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতারার ছেলে পিনাকী সাঁতার ট্রাক্টরের চালকদের মাটি বিক্রয় জন্য বলেছেন। বাবার নাম ভাঙিয়ে এই সব করছে।’ যদিও এই

প্রতিশ্রুতি পরিস্থিতি অনেকটাই বদলে দিয়েছে বলে রাজনৈতিক মহলের ধারণা। অনেকে মনে করছেন এর ফলে একশো দিনের কাজের প্রকল্পের বকেয়া টাকা ও কাজ না পাওয়ার জন্য তৃণমূলের বিরুদ্ধে তৈরি হওয়া অসন্তোষ সামাল দেওয়া যাবে। যদিও বিরোধীরা সে কথা মানতে নারাজ। তাদের দাবি, একেবারে বুথ স্তরে সাধারণ মানুষ নিজেদের চোখের সামনে লক্ষ লক্ষ টাকা দুর্নীতি হতে দেখেছেন। তাদের বঞ্চিত করে তৃণমূলের নেতা-জনপ্রতিনিধিদের রাতারাতি আঙুল ফলে কলাগাছ হতে দেখেছেন। ফলে যে ক্ষোভ তৈরি হয়েছে তা বকেয়া টাকা পরিশোধ করে মেরামত করা সম্ভব নয়। বরং জীবন-জীবিকার প্রশ্নে তৃণমূলের বিরুদ্ধেই মানুষ ভোট দেবে বলে বিরোধী দলগুলির দাবি।আবাস যোজনার ঘর হাউদের ঘর পাওয়ার কথা তাদের নাম আবাস যোজনার তালিকায় না থাকা। উল্টে সেই তালিকায় তৃণমূলের ধনী নেতা ও জনপ্রতিনিধিদের নাম থাকা নিয়ে প্রথম থেকেই সর্বত্র বিজেপি এবং বামেরা। ঘরের টাকা পেতে হলে তৃণমূলের পঞ্চায়েত প্রধান, সম্পা ও নেতাদেরকে মোটা টাকা দুর্নীতির ঘটনাও সামনে এসেছে। কেন্দ্রের প্রতিনিধি দল এসে সেই সমস্ত ঘটনাও অনিয়মিতভাবে ধরেছে। যা নিয়ে জনসাধারণের মধ্যে ক্ষোভ রয়েছে। যাকে তৃণমূলের বিরুদ্ধে বড় অস্ত্র হিসাবে ব্যবহার করতে মরিয়া বিরোধীরা। সেই মত প্রচার করা হচ্ছে। যদিও এই ক্ষোভে জল ঢালতে তৃণমূলের পক্ষ থেকে ভোটের পর কেগ্র টাকা না দিলেও রাজ্য সরকারের তরফে ঘর করে দেওয়ার কথা যোগা করা হয়েছে। তবে মানুষের ক্ষোভকে তা কতটা প্রশান্তি করবে তা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। আর এই সর্বত্রই উত্তর মিলবে ৪ জুন।এ ব্যাপারে জেলার এক বিজেপির প্রাণী বলেন, ‘ তো বলেই দিয়েছি, ক্ষমতায় এলে মহিলাদের তিন হাজার টাকা করে দেওয়া হবে। তাছাড়া যাদের একশো দিন করে কাজ পাওয়ার কথা তারা কেন তৃণমূল নেতাদের চুরির কারণে ৫০ দিন কাজ পাবেন। আবাস যোজনাতেও মানুষকে বঞ্চিত করেছে তৃণমূল। এর ফল এবার তুগতে হবে। কোনও কিছুতেই কাজ হবে না।’’তৃণমূলের এক জেলার নেতার দাবি, ‘ ভান্ডার নিয়ে মানুষের মধ্যে আগাগোড়া অপ্রা় ছিল। মহিলারা একে সাদরে গ্রহণ করেছেন। আর ১০০ দিনের কাজ ও আবাস যোজনার ক্ষেত্রে কেন্দ্রীয় বঞ্চনার শিকার হচ্ছে বাংলার সাধারণ মানুষ। মমতা বন্দ্যোপাধ্যায় সেই বঞ্চনার বিরুদ্ধে মানুষের পাশে দাঁড়িয়ে দিশা দেখাচ্ছেন। মানুষ তা দেখছে। তারা আমাদের পাশেই আছে।’’সিপিএমের জেলার এক নেতা বলেন, ‘ প্রকল্প শক্তিশালী হলে এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেলে মানুষের আ্য আরও কয়েক গুণ হবে। তা তো করা হচ্ছে না। বিজেপি একশো দিনের কাজ বন্ধ করে দিতে চাইছে। আর তৃণমূল সেটা ৫০ দিনে নামিয়ে আনছে। আমরা বলছি ২০০ দিনের কাজের কথা। আবাস যোজনায় কতজনকে টাকা দেবে তৃণমূল? আদৌ দেবে কি? আসল উদ্দেশ্য তো কাটামাটি।’’

স্বস্তি তিলোত্তমায়

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিল : তাপমাত্রার পারস-পতনে স্বস্তি ফিরেছে মহানগরী তিলোত্তমায়, তাপসা ও অস্বস্তিকর গরম উখাও হয়ে গিয়েছে। তাপমাত্রাও বেশ কিছুটা কমেছে, মঙ্গলবার কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা কমে ২৪.০ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, যা এই সময়ের জন্য স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী শুক্রবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বুধবার পূর্ব মেদিনীপুর, বাত্রামের মতো কিছু জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে বৃহস্পতিবার থেকে বৃষ্টি আবার বাড়বে। বৃহস্পতিবার এবং শুক্রবার দক্ষিণের সব কা’টি জেলায় বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। দক্ষিণের পাশাপাশি উত্তরবঙ্গেও বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামী শুক্রবার পর্যন্ত উত্তরের প্রায় সব জেলাতেই বজ্রবিনু-সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

তৃণমূল কংগ্রেসের প্রাণী গোপাল লামার ভোট প্রচার

দূরন্ত বার্তা, শিলিগুড়ি , ৯ এপ্রিল : শিলিগুড়ি পূর্বনিগমের ১ নম্বর ওয়ার্ডে ভোট প্রচার সারলেন দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের প্রাণী গোপাল লামা। ভোটের দিন সামনে আসতেই জোরকদমে ভোটপ্রচার করছেন প্রাণী গোপাল লামা। মঙ্গলবার শিলিগুড়ির ১ নম্বর ওয়ার্ডে ভোট প্রচার বের হন তিনি।এদিন প্রথমে দুর্গা মন্দিরে পুজো দেন।এরপর ওয়ার্ডের বাড়ি বাড়ি গিয়ে প্রচার সারেন।পাশাপাশি সাধারণ মানুষের কাছে ভোট দেওয়ার আবেদন জানান গোপাল লামা।

অভিযোগ অস্বীকার করেন তৃণমূল নেতৃত্ব। খবর নিয়ে দেখতে হবে বলে জানান ব্লক তৃণমূলের সভাপতি শম্ভুনাথ বেরা। এ বিষয়ে পিনাকীর বাবা কৃষ্ণচন্দ্র সাঁতারার বলেন, ‘ বিরোধীদের চক্রান্ত। আমরা ছেলে নিজের খরচায় পুকুরের পাড় বাঁধিয়েছি। এসে দেখে যাক না সবাই। আসলে ওদের উদ্দেশ্য ছিল ধমকে চমকে মোটা অঙ্কের টাকা আদায় করা। সেটা পারেনি বলে এ সব মিথ্যা প্রচার করে যোচ্ছে।’ এই ঘটনায় নিয়ে শাসকদলকে কটাক্ষ করতে ছাড়েনি বিজেপি ও সিপিএম। বিজেপি নেতা বিমান ঘোষ বলেন, ‘ প্রাক্তন বিধায়কের পুরো পরিবার বালি, মাটি ও চাকরি দেখা থেকে শুরু করে নানা দুর্নীতির সঙ্গে জাতি। পুলিশের কাা পদক্ষেপ নেওয়া উচিত।’ আরামবাগ এরিয়া কমিটির সিপিএম নেতা শেখ জাহাঙ্গির বলেন, ‘ দল চুরিকে শিল্প করে তুলেছে। শুণ্ড গাড়ি ধরলে হবে না। ওই তৃণমূল নেতার ছেলেকেও প্রেস্তার করতে হবে।’ আরামবাগ থানার পুলিশ জানিয়েছে, ঘটনা খতিয়ে দেখা হচ্ছে।

এজেন্সিকে বিঁধলেন দোলা, বললেন ইডি ও সিবিআই বিজেপির শাখা অফিসে পরিণত



নয়াদিল্লি, ৯ এপ্রিল : দিল্লি পুলিশ যাওয়ার অনুমতি দিয়েছে, তবুও নিজেদের ‘আটক’ করে রেখেছেন তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের সদস্যরা। মঙ্গলবার সকালেও দিল্লির মন্দির মার্গ থানায় নিজেদের আটক করে রেখেছেন দোলা সেন, ডেরেক ও ব্রায়েনের। দিল্লি পুলিশ অব্যক্ত জানিয়েছে, আমরা তাদের অব্যাহতি দিয়েছি। আমরা তাদের যেতে বলেছি, কিন্তু তৃণমূল নেতারা নিজেরাই যাননি। এদিনই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী দোলা সেন। তিনি বলেছেন, আইটি (আয়কর দফতর), ইডি এবং সিবিআই-কে বিজেপির শাখা কার্যালয় হিসাবে বিবেচনা করা হয়। আদর্শ আচরণবিধি লাগু হয়েছে। এনআইএ, সিবিআই, ইডি এবং আইটি বিরোধীদের বিরক্ত করছে, যাতে তারা অবাধ ও সূত্র নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করে। সাংবিধানিকভাবে, আইনশৃঙ্খলা রাজ্যের বিষয়... তাই আমরা নির্বাচন কমিশনে এসেছি (আমাদের দাবি নিয়ে)... আমরা শান্তিপূর্ণ প্রতিবাদ করছিলাম, কিন্তু পুলিশ আমাদের আটক করেছে। উল্লেখ্য, কেন্দ্রীয় এজেন্সির অপব্যবহারের অভিযোগ তুলে সোমবারই দিল্লিতে নির্বাচন কমিশনের ফ্ল ল বেষ্টের সঙ্গে দেখা করে তৃণমূলের ১০ জনের প্রতিনিধি দল। কমিশনের কাছে নিজেদের অভিযোগ এবং দাবি জানিয়ে বাইরে এসে ধর্মীয় বস্তু পড়েন তাঁরা। ২৪ ঘট্টা ধর্মীয় সবার যোগাফ করেন তৃণমূল নেতারা। কিন্তু কয়েক মিনিট পরেই সেই ধর্না তুলে দিতে আসলে নামে দিল্লি পুলিশ। প্রথমে পুলিশ তৃণমূল প্রতিনিধি দলের সদস্যদের কমিশনের সামনে থেকে সরে যেতে বলে। কিন্তু ২৪ ঘট্টার আগে তারা ধর্না তুলবে না, এমন দাবিতেই অটল থাকে তৃণমূল প্রতিনিধি দল। তার পরই ধর্না তুলতে শুরু করে পুলিশ। শুরু হয় দু’পক্ষের মধ্যে ধস্তাধস্তি। একে একে বিক্ষোভরত তৃণমূল সাংসদদের টেনেহিঁড়ে বাসে তোলে পুলিশ। আটক করে থানায় নিয়ে যাওয়া হয় তাদের।

কালচিনি ব্লকের নিউ হাসিমাারা এলাকাতে বাইশনের তাড়ন

দূরন্ত বার্তা, কালচিনি, ৯ এপ্রিল : কালচিনি ব্লকের নিউ হাসিমাারা এলাকাতে মঙ্গলবার সাত সকালে শুরু হয় বাইশনের তাড়ন। এলাকার এক ব্যক্তিকে বাইশনের আহত করার ভিডিও দেখে ভীত সকলে। মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়ে সেই ভিডিও এলাকাবাসীদের মোবাইলে। নিউ হাসিমাারা এলাকায় এই বাইশনাটি জলদাপাড়ার জঙ্গল থেকে এসেছিল বলে মনে করা হচ্ছে। লোকলোকে বাইশন দাপিয়ে বেরতে দেখে ঘরঘড়া সকলে। আহত ওই ব্যক্তিকে নিয়ে যাওয়া হয়েছে আলিপুরদুয়ার হাসপাতালে চিকিৎসা করা জন্য। বনকমীরা ঘটনাস্থলে রয়েছে। বাইশনাটি উদ্ধারের চেষ্টা চলছে।

শিলিগুড়ি একটি বহুতল বিল্ডিং–এ অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য

দূরন্ত বার্তা, শিলিগুড়ি , ৯ এপ্রিল : শিলিগুড়ি একটি বহুতল বিল্ডিং এ অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য। ঘটনাটি ঘটেছে শিলিগুড়ি পূর্বনিগমের ৪ ওয়ার্ডের ঝংকার মোড় এলাকা। জানা গিয়েছে,মঙ্গলবার দুপুরে একটি বহুতল বিল্ডিং এর ইলেকট্রিক মিটার বক্স থেকে ধোঁয়া বের হতে দেখেন ওই বহুতলের স্থানীয় দোকানদাররা। এরপরই তড়িঘড়ি খবর দেওয়া হয় শিলিগুড়ি থানার অন্তর্গত খালপাড়া ফাঁড়ির পুলিশ ও দমকল বাহিনীকে। ঘটনাস্থলে দমকলের ২টি ইঞ্জিন পৌঁছে আগুন নিয়ন্ত্রনে আনে। প্রাথমিক অনুমান শট সার্কিট থেকে আগুন লাগতে পারে। যদিও ঘটনায় হতাহতের কোনো খবর নেই। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

তিনসুকিয়ায় মেগা রোডশো অমিত শাহ এবং মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার

তিনসুকিয়া (অসম), ৯ এপ্রিল : আজ মঙ্গলবার সন্ধ্যারাত্তে ডিব্রুগড় সংসদীয় আসনে বিজেপি মনোনীত প্রাণী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সমর্থনে তিনসুকিয়ায় মেগা রোডশো করছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। এর আগে লখিমপুরে একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দিয়েছেন অমিত শাহ। ওই সমাবেশে তিনি ভারতের মাটিতে চিনের দখলদারীর বিরুদ্ধে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের দৃঢ় অবস্থানের কথা বলেছেন। ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করে, তদানীন্তন কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করে শাহ পুনরায় নিশ্চিত করেছেন, ‘ নরেন্দ্র মোদী সরকারের আমলে আমাদের এক ইঞ্চি জমিও দখল করতে পারেনি।’

বেলুড় ভোটবাগানে ভেঙে পড়লে বিপজ্জনক বাড়ির একাংশ

দূরন্ত বার্তা, হাওড়া, ৯ এপ্রিল : হাওড়ার বেলুড় ভোটবাগানে ভেঙে পড়লে বিপজ্জনক বাড়ির একাংশ। ওই ঘটনায় আহত হন কয়েকজন। স্থানীয় সূত্রে জানা গেছে, এচা কে চ্যাটার্জি সেনে একটি বাড়ির ছাদ ভেঙে কয়েকজন

আহত হন। মঙ্গলবার বিকেলে বাড়ির দোতলায় চারজন ছিলেন। আচমকায় ছুড়মুড়িয়ে ছাদ ভেঙে পড়ে যায়। দীর্ঘদিন ধরে এই বাড়িটি বেহাল অবস্থায় ছিল। বাড়ির মালিককে বলেও কোনওরকম সারানোর কাজ হয়নি বলে অভিযোগ। এদিন ভেঙে পড়ে বাড়িটি। অল্পের জন্য বড়স। দুর্ঘটনার হাত থেকে প্রাণে রক্ষা পান এরা। ঘটনাস্থলে ছুটে আসেন হাওড়া সিটি পুলিশের কর্তারা। একদিকে, বিপদজনক বাড়ি বলে নোটিস বুলিয়ে দিয়েছে বালি পুরসভা। এদিনের ঘটনা প্রসঙ্গে সাবিনা বানু নামের এক বাসিন্দা বলেন, আমি শুয়েছিলাম। উপর থেকে ছাদ ভেঙে পড়ে। আমার আঘাত লাগে। এরপর আমি আস্তে আস্তে সবাই বেরিয়ে আসি। উপর থেকে চারজন পড়ে যায়। তাদের চো্ট লেগেছে মোট পাঁচজন জখম হন। খুব খারাপ আওয়াজ হয়। বাড়িতে ফাটল ধরেছিল। সে ব্যাপারে বাড়িওয়ালাকে জানালে তিনি জানিয়েছেন নিজেরা সারিয়ে নাও। আমাদের সারানোর আর্থিক ক্ষমতা নেই। আরেক বাসিন্দা শেখ নাসির বলেন, এখানে দশটি ঘর আছে। এদিন দুপুরে আড়াইটা নাগাদ তখন ঘরে ছিলাম। এমন সময় একটা আওয়াজ হয়। বাইরে বেরিয়ে এসে দেখি ছাদ ভেঙে গেছে। ব্যাক্তের বৃদ্ধন এসেছিল লোনের টাকা নেওয়ার জন্য। তাদের সামনেই ঘটে ওই ঘটনা।

NOTICE INVITING QUOTATION Bearing No-60 of 2023-24 2nd Call
Sealed Quotation are invited by the Executive Engineer, Bardhaman Electrical Division, PWD, Purba Bhavan (1st floor), P.O.- Sadarghat, Burdwan from Bonafied Licensed Contractor's having necessary credentials for doing similar nature of works in Govt.organizations....Temp. E1 Work for CAPF Accommodation: 1. Katwa Police Station(35 nos.) in Purba Bardhaman for Parliamentary General Election 2024(Tf/No.60/23-24-2nd Call). Last date of issue of Tender Papers is up to:-2 P.M on 16.04.2024. L/D of tender dropping 18.04.2024 (up to 2 P.M.) & all tenders received will be opened shortly thereafter.
Sd/-Executive Engineer, P.W.D. Bardhaman Electrical Division

বাংলা ক্রিকেটের পরামর্শদাতা হতে পারেন চামিণ্ডা ভাস, বিশেষ দায়িত্ব পাবেন মনোজও

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ এপ্রিলঃ বাংলা ক্রিকেটের হালফিলে পারফরম্যান্স ভাল নয়। রঞ্জি ট্রফিতে গতবার কোয়ার্টার ফাইনালে বিদায় নিয়েছিল। বাংলা ১৯৮৯-৯০ মরশুমেই শেষ রঞ্জি জিতেছিল। তারপরে তিনবার ফাইনালে উঠেও খেতাব জেটেনি। জুনিয়র স্তরেরও বহুদিন সাফল্য নেই। বিজয় মার্চেস্টি ট্রফি কিংবা পলি উমারিগত ট্রফিতেও বাংলার উল্লেখযোগ্য সাফল্য নেই। একটা সময় বাংলা ক্রিকেটে ডিশন টি-২০ প্রজেক্ট চালু হয়েছিল। সেইসময় কোচ করা আনা হয় ডিভিএস লক্ষণ থেকে শুরু করে গুয়াকার ইউনিস, কিংবা স্পিনার



হিসেবে আনা হয় মুরলীধরন বানারস্পতি হিরওয়ানিকে। ডিশন টি-২০ সেরাভ গান্ধিপাথারের ড্রিম প্রজেক্ট ছিল। বাংলা ক্রিকেটে সাপ্লাই লাইন তৈরি হয়েছিল। আবারও সেরকম একাট ভাবনা নেওয়া হয়েছে। ২০২৫ সালের ডিশন সামনে রেখে সিএবি আবারও চাইছে বাইরে থেকে প্রাক্তন তারকাদের নিয়ে এসে পরামর্শ হিসেবে নিয়োগ করা। সেই তালিকায় পেশার হিসেবে রয়েছেন শ্রীলঙ্কার নামী প্রাক্তন চামিণ্ডা ভাস। যিনি সব ধরনের পিচে সফল হওয়ার নজির দেখিয়েছেন।



ব্যাটিংয়ে বাইরে থেকে নয়, বরং মনোজ তিম্মারিকে কাজে লাগানোর পরিকল্পনা রয়েছে। মনোজ গতবারই ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। তাঁকে তরুণ ক্রিকেটারদের জন্য ব্যাটিং পরামর্শদাতা হিসেবে নিয়োগ করা হতে পারে। সবটাই অব্যর্থ আসোচনার স্তরে রয়েছে। আইপিএল শেষ হলেই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। শ্রীলঙ্কার কিংবদন্তি পেসার ভাস একটা সময় কলকাতা ময়ামনে পি সেন ট্রফিতে খেলে গিয়েছিলেন। তিনি বঙ্গ ক্রিকেট নিয়ে কিছুটা হলেও ওয়াকিবহাল। সবথেকে বড় বিষয়, বাংলা ক্রিকেটে সেইভারে আর পেস বোলার উঠছে না, এটিও একটা বোঝার বিষয়। ঈশান পোডেল ববুন কিংবা আকাশদীপ, মুকেশ কুমারের সার্ভিস আর বেশিদিন পাবে না বাংলা। মুকেশ, আকাশদীপ, সামিরা তাও বাংলার ভূমিপুত্রও নন।

বিশ্বকাপে বাদ হার্দিক!

কয়েকজন তরুণ ক্রিকেটারকে ‘রেডি’ থাকার বার্তা

মুম্বই, ৯ এপ্রিলঃ আইপিএলের পারফরম্যান্স দেখে বিশ্বকাপের দল বেছে নেওয়া হবে। বোর্ড আগেই এমন বার্তা দিয়েছিল। গত টি-টোয়েন্টি বিশ্বকাপের পর থেকে এই ফরম্যাটে খুব বেশি ম্যাচ ছিল না ভারতের। সব ক্ষেত্রে ফুল টিমও পাওয়া যায়নি। ফলে পারফরম্যান্স বিচার করার মতো কিংবা চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার মতো পরিস্থিতি ছিল না। রোহিত শর্মা, বিরাট কোহলির মতো বেশ কয়েক জন সিনিয়র প্লেয়ার টি-টোয়েন্টি বিশ্বকাপের পর এই ফরম্যাটে দেশের জার্সিতে খেলেননি। জুনে ফের টি-টোয়েন্টি বিশ্বকাপ। এ মাসের শেষ দিকেই বিশ্বকাপের দল বেছে নেওয়ার কথা। তার আগে তরুণ ক্রিকেটারদের বোর্ডের বার্তা! ওয়ান ডে বিশ্বকাপে টানা দশ ম্যাচ জিতে ফাইনালে উঠেছিল ভারত। বিরাট, রোহিত ভালো পারফর্ম করেছেন। তেমনি টি-টোয়েন্টি সিরিজগুলিতে একদাক তরুণ প্লেয়ার অনবদ্য খেলেছেন। সব মিলিয়ে মিশিয়ে দল গড়া হবে! নাকি শুধু তরুণদেরই প্রাধান্য দেওয়া হবে? একটা বড় ধোঁয়াসা হার্দিক পাণ্ডিয়াকে নিয়ে। ওয়ান ডে বিশ্বকাপে



আইপিএল অভিযান শুরু হয়েছিল মুম্বই ইন্ডিয়ান্সের। অবশ্যে গত ম্যাচে জয়ের রাস্তায় ফিরেছেন হার্দিকরা। ক্যান্টেনের পারফরম্যান্স কিন্তু ভরসা দিতে পারেনি। ক্যান্টেনি হোক, বোর্ডের দল নির্বাচন কমিটির প্রধান অজিত আগরকারকে বিশেষ বার্তা দিয়েছেন প্রাক্তন ক্রিকেটার ডেব্রেশ প্রসাদ। গত মরসুমের মতো এ বারের আইপিএলেও ট্রোফি ধাণো

পারফরম্যান্স করছেন শিবম দুবে। পেস বোলিং অলরাউন্ডার। বোলিংয়ে তাঁকে সে ভাবে ব্যবহার করা হচ্ছে না। তবে ব্যাটিংয়ে তাক লাগিয়ে দিয়েছেন সিএসকেসের এই অলরাউন্ডার। শিবম দুবাকে বিশ্বকাপের ফ্লোয়েটেই শুধু নয়, একদশেও যাতে জায়গা পায়, আগরকারকে সেই বার্তাই দিয়েছেন প্রসাদ। শুধু তাই নয়, সূর্যকুমার যাদব এবং রিঙ্কু সিংয়ের ক্ষেত্রেও একই বার্তা। সুব্রের খবর, বোর্ডের ভাবনাও এমনই। সে কারণে রিঙ্কুদেরও রেডি থাকার বার্তা দেওয়া হয়েছে বলে খবর। শিবম আইপিএলে বোলিং না করলেও দলের হয়ে শেষ সিরিজে এবং রঞ্জি ট্রফিতে বোলিং করেছেন। সাফল্যও পেয়েছেন। তেমনি দেশের জার্সিতে সীমিত সুযোগে ধারাবাহিক ভালো পারফর্ম করেছেন রিঙ্কু সিং। ফাই আইপিএল প্রত্যাবর্তন ম্যাচে রান না পেলেও দেশের হয়ে শেষ ম্যাচে সেফুরি করেছিলেন। তাঁর রান পাওয়া যে সময়ের অপেক্ষা, বলই যায়। হার্দিক পাণ্ডিয়ার ভাবনা সিরিয়ে বরং এই তরুণদের দিকেই ফোকাস করার বার্তা প্রসাদের।

জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপ, কোহলিকে নিয়ে বিরাট মন্তব্য ব্রায়ান লারার

দুরন্ত বার্তা প্রতিবেদন

বিরাট কোহলির কি টি-টোয়েন্টি বিশ্বকাপ স্কোয়াডে সুযোগ পাওয়া উচিত? এই প্রশ্নে উত্তাল সোশ্যাল মিডিয়া। আরসিবির গত ম্যাচেই রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে সেফুরি করেছেন বিরাট কোহলি। অপর্যায় ১১৬ রানের ইনিংস খেলেন তিনি। সেফুরি পূর্ণ করেছিলেন ৬৭ বলে। আইপিএলে যা যথ্যভাবে মন্থরমো। এ মরসুমে তিনটি ৫০ গ্লাস স্কোর। এর মধ্যে একটি সেফুরি। যদিও বিরাটের সেফুরি দলকে জেতাতে বাধা। প্রশ্ন উঠছে স্ট্রাইকরেট নিয়েও। এ বার স্ট্রাইকরেট ইস্যুতে বিরাট মন্তব্য ক্যারিবিয়ান কিংবদন্তি ব্রায়ান লারার। স্ট্রাইকরেট নাকি পরিস্থিতি অনুযায়ী ব্যাটিং। এই বিতর্ক নতুন নয়। তবে প্লেয়ারের

নাম যখন বিরাট কোহলি, তাঁকে নিয়ে প্রশ্ন ওঠাই প্রত্যাশিত। এ বারের আইপিএলে ৩০০-র বেশি



ব্রায়ান লারা? আইপিএলের সম্প্রচারকারী চ্যানেলে ব্রায়ান লারা বলেন, “স্ট্রাইকরেট পরের দিকে ব্যাটাররা ২০০ স্ট্রাইকরেটেও খেলছেন।” বিরাটের ক্ষেত্রে তা হলে কী হওয়া উচিত? আইপিএলে ওপেন করলেও জাতীয় দলে বিরাট তিনে নামেন। ক্যারিবিয়ান কিংবদন্তি আরও যোগ করেন, “বিরাটের মতো ওপেনারের ক্ষেত্রে ১৬০ স্ট্রাইকরেটে শুরু করাটা মন্দ নয়। তবে যতটা সময় ক্রিকেট কাঁচবে সেই অনুযায়ী গতি বাতানো প্রয়োজন। পরের দিকে সেটা ১৬০-র বেশি নিয়ে যেতে পারলে ভালো। তবে আমাকে যদি জিজ্ঞেস করেন, বিশ্বকাপে ভারতের টপ অর্ডার কী হওয়া উচিত, বিরাট কোহলি-রোহিত শর্মা, বিরাট কোহলি-রোহিত শর্মা, স্ট্রাইক কোহলি-রোহিত শর্মা, সব কিছু ভেবেই বলছি। আরসিবির ক্ষেত্রে বলব, শুধু একজনকে কাঁচাডায়া দাঁড় না করানোই শ্রেয়। টিম হিসেবে খেলতে হবে আরসিবিকে।”

রোনাল্ডোর লাল কার্ড, আল নাসরের বিদায়

রিয়াথ, ৯ এপ্রিলঃ সৌদি সুপার কাপের সেমিফাইনালে আল নাসর-আল হিলাল ম্যাচের ৮৫ মিনিটের খেলা চলছিল তখন। বল সাইডলাইনের বাইরে চলে গেলে সেটি কুড়িয়ে আনতে যান আল হিলালের আলি আলবুলহাই। ছুটে গিয়ে তাঁকে সুযোগ না দিয়ে বল নিয়ে নেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। আল হিলাল ডিফেন্ডার রোনাল্ডোর গতি রোধ করার চেষ্টা করলে একপর্যায়ে কনুই দিয়ে তাঁকে আঘাত করেন পর্্তুগিজ মহাতারকা। তাৎক্ষণিকভাবে মাঠে শুয়ে পড়েন আলবুলহাই। সে সময় রেফারিসহ দুই পক্ষের খেলোয়াড়েরা সেখানে ছুটে আসেন। বাণবিশত্তির মধ্যেই রোনাল্ডোকে সরাসরি লাল কার্ড দেখান রেফারি। সিদ্ধান্ত মানতে না পেরে মুগ্ধি পাকিয়ে ঘুরি মারার ভঙ্গিতে রেফারির প্রতি ক্ষোভ প্রকাশ করেন আল নাসর তারকা। এরপর রেফারিকে কটাক্ষ করে আর্মব্যান্ড খুলে বেরিয়ে যান মাঠ থেকে। এদিন যথারীতি রোনাল্ডোর কাটা ঘায়ে নুনের ছিটা দিয়েছে আল হিলাল সমর্থকদের ‘মেসি’, ‘মেসি’ চিৎকার। রোনাল্ডোর এই লাল কার্ড দেখে বেরিয়ে যাওয়া মূলত ম্যাচে আল নাসরের পারফরম্যান্সের প্রতিচ্ছবি। আল হিলালের বিপক্ষে এই ম্যাচে রোনাল্ডো লাল কার্ড দেখার আগেই ২-০ গোলে পিছিয়ে যায় আল নাসর। শেষ পর্যন্ত আল নাসর ২-১ গোলে হেরে বিদায় নিয়েছে সুপার কাপ থেকে। শেষ দিকে



সাদিও মানের গোল হারের ব্যবধানটাই শুধু কমিয়েছে। ১১ এপ্রিলের ফাইনালে আল হিলালের প্রতিপক্ষ আল ইন্হাদ। সৌদি প্রো লিগে আল হিলালের কাছে শিরোপা হাতছাড়ার

মিনিটে গোলরক্ষককে একা পেয়েও পোস্টের ওপর দিয়ে মেরে সুযোগ নষ্ট করেন “সিআর সেভেন”। এরপর প্রথমার্ধের যোগ করা সময়ে ওভারবি ও গোল করলেও সেটি বাতিল হয় অফসাইডের কারণে। শেষ পর্যন্ত গোলশূন্য সমতাবেই বিরতিতে যায় দুই দল। দ্বিতীয়ার্ধের ৬১ মিনিটে ডেভলক ভাওনেন আল হিলাল তারকা সালেম আলানউসারি। দারুণ এক ফিনিশিংয়ে গোল করেন দাউসারি। ৬৬ মিনিটে ম্যালকমের শট কিরে আসে পোস্টে লেগে। তবে আল হিলালের ২-০ ব্যবধানে এগিয়ে যেতে ৭২ মিনিটের বেশি অপেক্ষা করতে হয়নি। হেড দিয়ে গোলটি করেন ম্যালকমই। এরপর ম্যাচে ফেরার মরিয়্য চেষ্টা করে আল নাসর। তবে রোনাল্ডোর লাল কার্ডের পর আর লড়াইয়ের কিরতে পারেনি তারা। শেষ দিকে সাদিও মানের গোল শুধুই সাহুনা দিয়েছে। ম্যাচ শেষে রোনাল্ডোর লাল কার্ডের জন্য প্রতিপক্ষ খেলোয়াড়ের দিকেই আঙুল তোলেন আল নাসর কোচ লুইস কাল্পে। তিনি বলেছেন, “আলি আলবুলহাই এদিন রোকাবা রেফারি, রোনাল্ডোর সামনে নাটক করেছে। এই মরসুমে আমরা একাধিকবার রোনাল্ডোকে প্রতিপক্ষদের দ্বারা উসকানি দিতে দেখেছি।” রোনাল্ডোর আল নাসর পরের ম্যাচ খেলবে ১৯ এপ্রিল। সৌদি প্রো লিগের সেই ম্যাচে আল নাসরের প্রতিপক্ষ আল ফেইহাব বিপক্ষে।

চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালে হামলার হুমকি আইএসের

দুরন্ত বার্তা প্রতিবেদন

চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগের সব ম্যাচের ভেন্যুতে হামলার হুমকি দিয়েছে জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট বা আইএস। কর্তৃপক্ষ হুমকি সম্পর্কে সচেতন আছে। কিন্তু পরিস্থিতি বিবেচনা করে তাদের মনে হয়েছে, সতর্কতা জারি করার কারণ নেই। চ্যাম্পিয়নস লিগে আইএসের হুমকির খবরটি প্রথম প্রকাশ করেছে মার্কি। এরপর স্পেনের আরও কিছু সংবাদমাধ্যম খবরটি দিয়েছে। সংবাদমাধ্যমের দাবি, এ সংগৃহে চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগের চারটি ম্যাচ যে দেশগুলোতে হবে, সেই তিন দেশ ইংল্যান্ড, ফ্রান্স ও স্পেনের কর্তৃপক্ষ আইএসের হুমকির খবরটি পেয়েছে। কিন্তু তিন দেশের সরকারেই বিশ্বাস, পরিস্থিতি তাদের নিয়ন্ত্রণেই আছে। আইএসের বার্তা প্রচারকারী সংগঠন আল-



আজহিম চ্যাম্পিয়নস লিগে হামলার হুমকির বিষয়টি আজ সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে জনায। আইএসের পক্ষ থেকে তারা পোস্টারের মতো একটা ছবি প্রকাশ করে

এক্স-সহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে সেখানে কালো পোশাক পরে একে-৪৭ রাইফেল নিয়ে এক ব্যক্তিকে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। ওই ব্যক্তির সামনে

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • পঞ্চম সংখ্যা • ১ এপ্রিল ২০২৪

সুস্বাদু আহারে শরীর ফিট

- সচেতনতা অবলম্বন করে ক্রমিক কিডনি ডিজিজ থেকে দূরে থাকা সম্ভব
- ডায়াবেটিক নেফ্রোপ্যাথি ডায়াবেটিকদের কিডনির সমস্যা
- সফলতালান্তের পথে দরকার সাবধিক ও কার্যকরী জীবন পরিচালনা
- হাট রিগ্রেসসমেন্টের কিছু সত্য ধারণা
- ইন্টারভেনশনাল কার্ডিওলজি
- স্বয়ং গুণে ভরপুর মাছ
- সর্বোচ্চ প্রোটিন পাওয়া যাবে মাছের

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন